## জমীদার দর্পণা

## নাটক।

---

শ্রীমীর মশার্রাফ হোদেন কর্তৃক

রেফারেন (আক্র) গ্রন্থ

## কলিকাতা।

मिमूली श २०४ नः कतन अश्रीलम द्वी हे

मशाश्च-यहंख

**এ**রামসর্মম্ব চক্রবর্ত্তী কর্তৃক

মুক্তিত।

३२१२ वक्कामा।

## উপহার।

পরম পূজাপাদ এীযুক্ত মীর মাহাম্মদ অলী মাহেব পূজাপাদেয়ু।

আর্য্য!

ত্রাপনি আমাদের বংশের উজ্জ্বল মণি বিশেষ।
আমাকে বাল্যকাল হইতে একাল পর্যান্ত অন্তরের
সহিত ভাল বাসিতেছেন। সামান্ত উপহার স্বরূপ,
আজ্ঞাবহ কিস্করের ন্যায় জমীদার দর্পণ সম্মুখে ধারণ
করিতেছি। একবার কটাক্ষপাত করিয়া যত্নে রক্ষা করিবেন, এই আমার প্রার্থনা। অনেক শক্র দর্পণ খানি ভগ্ন
করিতে প্রস্তুত হইতেছে।

আজ্ঞাবহ

## শ্রী মীর মশার্রাফ হোসেন।

## পাঠকগণ সমীপে নিবেদন।

নিরপেক ভাবে আপন মুথ দর্পণে দেখিলে যেমন ভাল মন্দ বিচার করা যায়, পরের মুখে তত ভাল হয় না। জমীদার বংশে আমার জন্ম, আত্মীয় স্বজন সকলেই জমীদার, স্থতরাং জমীদারের ছবি অঙ্কিত করিতে বিশেষ আয়াস আবশ্যক করে না। আপন মুখ আপনি দেখিলেই হইতে পারে। সেই বিবেচনায় "জমীদার-দর্পণ" সম্মুখে থারণ করিতেছি, যদি ইচ্ছা হয় মুখ দেখিয়া ভাল মন্দ বিচার করিবেন।

জুর্গত শ্রীর মশার রাফ হোদেন।

কুষ্ঠীয়া, লাহিনী পাড়া। সন্ত্রহাত সাল, চৈত্র।

## নাটকোক্ত ব্যক্তিগণ।

#### श्रुक्षश्व।

হায়ওয়ান আলী জমীদার।

দিরাজ আলী জমীদারের জ্যেষ্ঠ ভ্রাতা।

আরু মোলা অধীনন্ত প্রজা।

জামাল প্রভৃতি জমীদারের চাকরগণ।

জিতু মোলা হরিদাস

আরজান বেপারী জুরি।

নট, স্থত্ত্বর, মোসাছের চারিজন, জজ, মাজিফার, বারিফার, ডাক্তার সাহের, ইন্স্পেক্টর, কোর্ট-সব্ইন্-স্পেক্টর, উকীল, মোক্তার, পেক্ষার, কনফেবল, চালা,

माकीष्वर ।

আরদালী, দর্শকগণ ইত্যাদি।

ञ्जीभन।

্মুরন্বেহার আবু মোলার দ্রী।

·আমিরণ আরু মোল্লার ভগ্নী।

क्रक्षमि रेवस्वी।

नि ।

## জমীদার দর্পণ ৷

## নাটক।

### প্রস্তাবনা।

→.

( স্ত্রধারের প্রবেশ।)

স্থা । (পাদ চারণ করিতে করিতে)

হা ধর্ম ! তোমার ধর্ম লুকাল ভারতে;
জমীদার অত্যাচারে ডুবিলে কলঙ্কে!
পাতকীর কর্ম দোষে হলে পাপভাগী,
পাপীরা ধনের মদে না মানে তোমার—
না মানে যেমন বাঁধে স্পোতস্থতী নদী,
দ্রুত বেগে চলে যার, ভাঙ্কিরা হু কূল।
রাজ-প্রতিনিধি রূপী মধ্যবর্তী সম,
জমীদার! রাজ-রূপে পালক প্রজার,
সর্বে নর ধন প্রাণ মান রক্ষাকারী।
সেই হেতু রাজবিধি দিয়াছে পদবী।
রবি যথা নিজ রশ্মি বিতরি শশীরে
করেন শীতল করে ভুবন শীঞাল.

সে পদবীহীন পদে শোষিছে মেদিনী,
শোষে যথা চৈত্রমাসে খর প্রভাকর,
নদ নদী জলাশায় খরতর করে।
কি কুদিনে আজি আমি প্রবেশি এদেশে,
স্মারিয়ে বিদরে বুক নিকলে নিশ্বাসে—
ঘন শাসে দহে প্রাণ জ্বলন্ত আগুন,
তুষানলে জ্বলে যথা ঢাকা হুতাশন—
দিক্ ধিক্ গুমে গুমে না হয় প্রকাশ—
সেইরপ দহিতেছে আমার অন্তর।

#### (নটের প্রবেশ)

নট। একা একা পাগলের মত কি ব'ল্ছেন ?

সূত্র। কেনে ? অভাগের কি ব'লেছি, সভা ব'ল্ভে ভয় কি ?

নট। আমি সত্য অসত্যর কথা ব'ল্ছিনে, ভয়ের কথাও ব'ল্ছিনে। বলি কথাটা কি ?

সূত্র। কথা এমন কিছু নর। কলিকালে প্রজারা মহা স্থা আছে। কলিরাজও প্রজার স্থা-চিন্তার সর্বাদা ব্যক্ত; কিলে প্রজার হিত হবে, কিলে স্থা থাক্বে, এরি সন্ধান ক'চের্ছন। কিন্তু চক্ষের আড়ালে দুর্বালের প্রতি সবলেরা যে কত অত্যাচার, কত দৌরাত্ম্য ক'চের্ছ তার খোঁজ থবর নেই। নট। কেন এ আপনার নিতান্তই ভুল। রাজার নিকট সবল হুর্বল, ছোট বড়, ধনী নির্ধনী, স্থা হুঃখী, সকলি সমান। সকলি সম স্নেহের পাত্র। সক-লের প্রতিই সমান দয়া। আজ কাল আবার দীন হুঃখীদের প্রতিই বেশী টান্।

সূত্র। (ক্ষণকাল নিস্তব্ধে) আচ্ছা মফস্বলে এক রকম জান ওয়ার আছে জানেন ? তারা কেউ কেউ সহরেও বাস করে, সহরে কুকুর কিন্তু মফস্বলে ঠাকুর! সহরে তাদের কেউ চেনে না; মফস্বলে দোহাই ফেরে। সহরে কেউ কেউ জানে যে এ জান ওয়ার বড় শাস্ত — বড় ধীর, বড় নমে; হিংসা নাই, দ্বের নাই, মনে দ্বিধা নাই, মাছ মাংস ছোঁয় না। কিন্তু মফস্বলে শ্যাল, কুকুর, শূকর, গ্রুক পর্য্যন্ত পার পায় না! ব'ল্ব কি, জান ওয়ারেরা আপন আপন বনে গিয়ে একেবারে বাঘ হয়ে বসে।

নট। কি কথাই ব'লেন, বাঘ বুঝি আর জানওয়ার নয় ?

সূত্র। আপনি বুঝ তে পারেন নাই। এ জান ওরারদের
চারখানা পাও নাই—লেজও নাই। এরা খাদা পোদাক
পারে, দিবিব সৰু চেলের ভাত খার। দাড়ে তিনহাত পুরু
গদীতে বদে, খোদামোদে কুকুরেরাও গদীর আশে।
পাশে ল্যাজ গুড়িয়ে ঘিরে বদে খাকে। কিছুরই
অভাব নাই, যা মনে হ'ছে তাই ক'ছেই। বিনা পরি-

শ্রামে সক্তন্দেমনের স্থাখে কাল কাটাচ্ছে। জানওয়ারেরা অপমান ভয়ে নিজে কোন কার্য্যই করে না। ভগবান তাদের হাত পা দিয়েছেন বটে, কিন্তু সে সকলি
অকেজো। দিন্ধি পা আছে অথচ হাঁট্বার শক্তি নাই।
দেখতে খাসা হাত, কিন্তু খাল্ল সামগ্রী হাতে ক'রে মুখে
তুলতেও কফ হয়। কি করে? আহারের সামগ্রী প্রায়
চাকরেই চিবিয়ে দেয়! এরা আবার তুই দল।

নট। দল আবার কেমন ?

সূত্র। থেমন হিন্দু আর মুসলমান।

নট। ঠিক বলেছ। ঐ দলের এক জান ওয়ার যে কি কুকাও করেছিল, সে কথা মনে হলে এখন ও পিলে চ ম কে যায়—এখন ও চক্ষে জল এসে পড়ে। উঃ কি ভ্রানক!!

সূত্র। এখন পথে এস। আমিও তাই বল ছি।
নট। থাক্ ও সকল কথা আর ব'লে কাজ নাই, কি
জানি।—

সূত্র । কেন বল'ব না ? আপনিতো বলেছিলেন যদি কোনো দিন ভগবান দিন দেন, তবে মনের কথা ব'ল্বো। আজ ্আমাদের সেই শুভ দিন হয়েছে।

नि । कि क'रत ?

স্ত্র। একবার ওদিকে চেয়ে দেখুন না ? 🙏

নট। (চতুর্দিকে দৃষ্টি করিয়া) ভবে আমাদের আজ্পরম ভাগায়। সূত্র। আর বিলম্বে কাজ নাই। আমাদের চির-মনোসাধ আজ পূর্ণ ক'র্বো। যত কথা মনে আছে সকলি

ৰ'ল বো। এমন দিন আর হবে না। কপালে যা থাকে
জান ওয়ারদের এক দলের নক্সা এই রঙ্গ-ভূমিতে উপ
স্থিত ক'র্ডেই হবে।

নট। তাই তো ভাব ছি, কোন্নক্সা অবিকল কে ভুলেছে দেইটি ভাল ক'রে বেছে নিতে হবে ?

স্থৃত্ত। আপনি শুনেন নাই জমীদার দর্পণ নাটকে যে নক্সাটি এঁকেছে, তার কিছুই সাজানো নয়, অবিকল ছবি তুলেছে!

নট। তবে আর কথা নাই, আস্থ্ন তারই যোগাড় করা যাকু।

[উভয়ের প্রস্থান।

(পুষ্পাঞ্চল করিয়া নটীর প্রবেশ।)

নটী। বেস, ইনি তোমনদ নন্। আমায় ডেকে আবার কোথার গেলেন? পুরুষের মন পাওরা ভার। নারী জাত্কে ঠকাতে পাল্লে আর কন্মর নেই। তা যাক্ আমি আর খুঁজে বেড়াতে পারিনে। এই অবসরে মালাটা গেঁথে নেই।

## (উপবেশন এবং মালা গাঁথিতে গাঁথিতে সঙ্গীত ) রাগিণী মলার—তাল আড়া।

পাষাণ সমান প্রাণ পুরুষ নিদয় অতি ।

মনে এক মুখে আর—তিন্ন-ভাব অন্যমতি ॥

কত কথার কত ছলে, রমণীরে কত ছলে,
হাসি হাসি কত বোল বলে, মজায় অবলা জাতি ॥

নিত্য নব রসে মন, বসে মন আকিঞ্চন,

দিপদ ষট্পদ গুণ, কি হবে এদের গতি ॥

এই মালা নিয়ে অবিজ্ আমোদ ক'র্বো ।

#### (नटित थादनभा)

নট। প্রিয়ে! সকলই তো বলেছি, আর ওদিকেও সকল যোগাড় করে এলুম। এখন আর বিলম্ব কি; আর কথাই বা কি?

নটী। না, আমার আর কোনো কথা নাই, আপনি যা মানস করেছেন, আমি কি আর তাতে কোন বাধা দেই ? দেখুন আমি মনের সাধে এই মালা ছড়াটী গেঁথেছি এই হাতে প্র গলে পবাব ব'লে বড় ইচ্ছা হচ্ছে।

নট। (সহাদ্যে) একবার ভো পরিয়েছ, আবার কেন?

নিটী। () মৃত্হাস্যে) এও এক স্থ !

নট। প্রিয়ে! মালা তো পরালে এখন একটা গান গাও।

নটী। আর কি গান গাইব? মনের কথাই বলি, কিন্তু আপনি না ব'লে আমি ব'ল্বো না। নট। তাতে আর ক্তি কি?

> উভয়ের সঙ্গীত। লক্ষেরির স্থর—তাল কাওয়ালি। মরি হর্মল প্রজার পরে অত্যাচার। কত জনে করে করে জমীদার N তারা জানে মনে, জনীদার বিনে, নাহি অন্য কেহ দুঃখ শুনিবার। প্রজা কত সহে, কিছু নাহি কহে, মনে ভাবে এর নাহি উপায় আর ॥ जभीनात धरत, जतिवाना करत, মনো সাধ পুরে, নাশিছে প্রজার। করিয়ে মনন, শুন সভাজন. দেখাইব আজি অভিনয় তার॥ ( উভয়ের প্রস্থান।) श्रदेशका ।

#### (নেপথো সঙ্গীত।)

রাণিণী খাষাজ—তাল কাওয়ালি।'

গুরে প্রাণ মিলন সলিল কর দান।

যায় যায় যায় প্রাণ, ওঠাগত হলো প্রাণ,

বিনে প্রেম-বারি পান।

মন প্রাণ সব সঁপেছি হেরে ও বয়ান,

তবে কেন হেন জনে হান প্রিয়ে বিষ বাণ?

--

- (

# জমীদার-দপণ

নাটক।

প্রথম অঙ্ক।

প্রথম গর্ভাঙ্ক।

## কোশলপুর।

হায়ওয়ান আলীর বৈঠকখানা।

( शंग्र खग्नान व्यामी ও প্রথম মোসাহেব আসীন। )

হায়। দেখেছো?

প্র, মো। হুজুর দেখেছি।

হায়। কেমন্?

প্রা, মো। দে কি আর ব'ল্তে হয়, অমন্ আর ছুটী নাই!

হায়। কিন্তু ভারি চালাক্, কিছুতেই প'ড্ছে না!

প্র, মো। (সহাস্যে) সে কি? সামান্য স্ত্রী লোক কিছুতেই পড়েনা!

হার। তোমরা বোধ কর সামান্য; কিন্তু যতদূর আফি বেড়িয়ে চেড়িয়ে দেখিছি, স্পভাব চরিত্র যতদূর জেনেছি, তাতে বোধ হয় সেটী অসামান্য!

প্র, মো। অন্য লোভ কিছু দেখিয়েছেন ?

হায়। টাকার লোভ দেখিয়েছি, কত গওনার লোভ দেখিয়েছি, কিছুতেই ভোলে না।

প্র, মো। ওর স্বামীও তো এমন্ স্থ তী পুরুষ নয়. যে, তাতেই ভুলে রয়েছে।

হায়। না, তাই বা কি ক'রে? আবু মোলা নব কা-র্ত্তিক! বিধির নির্বান্ধ দেখ, ঢাফার হাতে গোলাপ্ ফুল, একি প্রাণে সয়?

" হায় বিধি ! পাকা আম দাঁড় কাকে খায় ।"

প্র, মো। (ক্রোধে) কি আর ব'ল্বো! যদি আন্
মার হাতে প'ড়তো তবে দেখতে পেতেন কি কোশলে
হাত কর্ত্যু। স্বত্ন টাকাতেও হয় না, কথাতেও হয় না,
পারে ধ'ল্লেও হয় না, হওয়ার আরও উপায় আছে; এক
দিন——

হায়। আমি যে না বুঝি তা নয়। যে কাজ তাতো জান্তেই পাচ্ছো। তায় যদি আবার বলপুর্বক করা হয়, সে আরও অন্যায়। অর্থের লোভ দেখিয়ে কি অন্য কোনো কোশলে হ'লে সকল দিগেই বজায় থাকে। আমি আজ্মনে মনে যে কারিকুরি এঁচেছি, সেটী পরক্ ক'রে দেখে যদি না হয়, শেষে অন্য উপায়——

ধ্র, মো। কি এঁচেছেন হুজুর?

হায়। একটা ভাণ ক'রে মোল্লাকে ধ'রে আনা যাক্। এদিকে একটু নরম্ গরম্ আরম্ভ ক'রে ওদিকে রুষ্ণ-মণিকে পাঠিয়ে দিই। সে গিয়ে বলুক্ যে তুমি যদি আজ্ সন্ধ্যার পর একবার বৈঠকখানায় গে দেখা কর, সব গোল চুকে যায়।

প্র, মো। বেদ যুক্তি হয়েছে হুজুর, বেদ্ যুক্তি হ-য়েছে! এখনই ঢা'র পাঁচ্জন সন্দার পাঠিয়ে মোলাকে খ'রে আনা যাকু, তা হ'লে আজ রাত্তেই—

হায়। আজ্রাত্রেই?

প্র, মো। রাত্তেই—এখনি—

হায়। যে দিন্ তারে দেখিছি, সেই দিন্ হ'তেই সেই জান, সেই ধ্যান,—যেন উন্মত্ত! (কিঞ্চিৎ ভাবিয়া) ওরে জামাল!

. ( गर्फाর বেশ, জামালের প্রবেশ )
জামা। ( দেলাম করিয়া দণ্ডায়মান ) হুজুর—
হায়। আর সকলে কোথায় ?
জামা। (যোড়হস্ত ) সকলেই দেউড়িতে হুজুর।

হায়। পাঁচ আদ্মি যাও, আবুকো পাকড় লাও, আবি লাও।

জামা। যো হুকুম।

[ সেলাম করিয়া প্রস্থান।

হার। দেখা যাক্, কাঁদ তো পাৎলেম ! এখন কি হয়; যদি এতেও বিফল হয়, তবে যা মনে আছে তাই! ( মৃহুস্বরে ) সাবেক আমল হ'লে কোন্ দিন কাজ শেষ ক'রে দিতুম। তা কি ব'ল্বো, এখনকার আইন খারাপ; মনের হুঃখ মনেই রয়ে গেল; তা দেখি যদি এতেও না হয়, তবে———

প্র, মো। বোধ হয় এই বারেই হবে, আর অন্য চেন্টা ক'র্ত্তে হবে না, এই বারেই হবে।

হায়। কৈ তা হয় ? ক মাস হলো কত চেফী করিছি, কত হাঁটা হাঁটি করিছি, কৈ কিছুই তো হয় না! ( দীর্ঘ-নিশ্বাস )

প্র, মো। অধঃপাতে গেছেন! আপনাদের পূর্ব পুৰুষের মতন তেজ থাকুলে এত দিন কবে হয়ে যেত!

হায়। ওহে আমাদের তেজ না আছে এমন নয়, আমরা যে কিছু না ক'র্ত্তে পারি তাও নয়, তবে সে এককাল ছিল, এখন ইংরেজী আইন, বিধ-দাঁত ভাঙ্গা!

প্রা, মো। সে রোজাও এদেশে নাই। হায়। এক রকম সত্য বটে, আগে আগে আমরা মপন্সলে কত কি করিছি, কার সাধ্য যে মাথা তুলে একটা কথা বলে? এখন পায় পায় জেলা—পায় পায় মত্কুমা, কোণের বর্ড পর্য্যস্ত আইন আদালতের খবর বাথে, হাইকোটের ঢাপরাদীরাও ইকুইটী, আর কমানলর মার্ প্রাচ্বোঝে।

প্রা. মো। হুজুর যে ফান্দি এঁচেছেন. এতেই সব কাজ সিদ্ধ হবে এখন—

(নেপথ্যে আজান্দান নমাজ পড়িবার পূর্ব্বেকর্ণ কহরে অঙ্গুলী দিলা উচ্চেম্বরে)

"আলা হো আক্বার, আলা হো আক্বার, আলা হো আক্বার, আলা হো আক্বার। আদহাদো আন্লা এলাহা এল্লেলা, আস্হাদো আন্লা এলাহা এল্লেলা। আসহাদ আরা, মহামদার রছুললা, আসহাদ আরা মহামদার রছুললা। হাইয়ে আলাস্ স্লা, হাইয়ে আলাস্ স্লা। হাইয়ে আলাল ফলা, হাইয়ে আলাল ফলা।

আল্লা হো আক্বার, আল্লা হো আক্বার। লা এল। হা এল্লেল্লা।"

হার। নমাজের সময় হয়েছে, চল নমাজ্ প'ড়ে আদি। ততক্ষণ হারামজাদাকে ধ'রে আনুক। (গাত্রোত্থান)

ি ওটকেপণ।)

(নেপথ্যে গান।) রাগিণী দিস্ক-ভাল জ্বং।

কুবাদনা যার মনে, তার উপাদনা কি ?

মনে এক, মুথে স্থুধু হরি ব'লে ফল কি ?

মধু-মাখা-বোল মুখে, গরল রয়েছে বুকে,

হেন ছল্ল-বেশী তার অধর্মেতে ভয় কি ?

সতীর সতীত্ব ধন, হিরবারে করে পণ,

মুখে বিভু-পদে মন, এদের, অন্তঃকালে হবে কি ?

### প্রথম অঙ্ক।



দ্বিতীয় গর্ভান্ধ।

আবু মোলার বাহির বাটীর ঘর। (সর্দ্দারগণ-বেষ্টিত দণ্ডায়মান আবুমোলা।)

আরু। (কাতরস্বরে পাট জড়াইতে জড়াইতে )
আপনারা বস্থন, চাদর খানা নিয়ে আসি; মনিব ডেকে
ছেন, না গিয়ে বাঁচ্তে পারি ?

জামা। নেওয়াতী রাখ্, রাখ্ তোর নেওয়াতী রাখ্,

মান রাখতে পারিস্ একটু দাঁড়াই। নৈলে চল্ ( গলা-ধাকা )

আরু। (সক্রন্দনে) দোহাই আপনাদের, চাদর খানা আনি। আমি কোমর খোলাই দিচ্ছি, অপমান ক'রোনা!

জামা। রাখ্ তোর চাদর, দিবি তো দে আগে দে। আবু। কিঞ্চিৎ কোমর খোলাই দিচ্ছি।

জামা। দিচ্ছি কি ? ক টাকা দিবি ? আগে টাকা আন্, তবে ব'স্বো, তোর কথায় ব'স্বো ? তেরা বাৎ সে বায়ঠেগা ? চল্। ( গলাধাকা )

আরু। দিচ্ছি, এখনই দিচ্ছি।

জামা। আন্ পাঁচ জনার কোমর খোলাই পাঁচ টাকা আন্, ব'স্ছি। তা না দিস্, ঘাড়ে হাত দিয়ে কান্ ম'ল্তে ম'ল তে কাছারি মুখো ক'র্বো। ( ঘাড় ধারণ )

আরু। দোহাই খাঁ সাহেবের, আমায় বে ইজ্জত ক'র্বেন না, আমি কোমর খোলাই টাকা দিচ্ছি।

জামা। টাকা দিচ্ছি দিচ্ছি তো কত বারই ব'ল্লি, টাকা আন্না।

আরু। আমি নিতান্ত গরিব (কোঁচার মুড়া হইতে এক টাকা এবং কাছার মুড়া হইতে এক টাকা, এই হুই-টাকা লইরা) আপনাদের পান্ খাবার জন্য এই হুটী টাকা। জামা। (মোলার হাতে সজোরে আঘাত করিয়া টাকা ভূমিতে নিক্ষেপ) বেটা কি টাকা দেনে আলা। আমরা ভিক্ষা ক'র্ত্তে এইছি? ছুটো টাকা নেব? চল্ (ঘাড়ে হাত দিয়ে পাক দেওন এবং পৃষ্ঠে চারি পাঁচ টা মুর্ফ্টি প্রহার)

আরু। দোহাই প্যায়দা সাহেব, আমি ভাই দিচ্ছি. ভাই দিচ্ছি!

(নেপথো—(অন্তঃরাল হইতে স্ত্রালোকের হতে তিন টাকা) ন্যাও আর কি ক'র্মে, যা কপালে ছিল তাই হলে।।) আরু । (হাত বাড়াইয়া ক্ষণকাল প্রে। নেন এই

পাঁচ টাকাই নেন।

জামা। (টাকাছাতে করিয়া উপবেশন এবং সঞ্চাগণ প্রতি ) ব'মো হে ব'মো।

আরু। (তামাক্ সাজিতে সাজিতে) আমিতো কোন অপরাধ করিনি, তবে এত জুল্ম কেন ? ( কিঞিছ ভাবিরা ) সকলই আমার নসীবের দোহ, আমি কোন কথার মধ্যে যাইনে, কোন হের কের বুঝিনে, ( টিকার ফুঁদেওন ) কেউ চড়া কথা ব'ল্লে কি হু ঘা মা'ল্লেও পাঠে সই। দোষ ক'ল্লেই সাজা হয়, তবে যখন সাচচা আছি—তখন—সকলি নসিবের——( ভাবাত্ কার কলিকা চড়াইয়া দান ) একালে যে যত সোজা হয়ে থাকে তার পাছে কাটি দিতে কেউ রেয়াত করে না। আমি ভাল জানিনে,

মন্দ জানিনে, আমার ওপর পাঁচজন প্যায়দা! বাবা! কাকের ওপর কামানের আওয়াজ! (গাত্রোত্থান এবং যোড়করে পশ্চিমদিণে ফিরিয়া) এ আল্লা তুই জানিদ! আমি কার মন্দ করিনি, হাকিমেরই বা কি করেছি যে হকনাহক মাচ্ছেন? মাটীর হাকিমের কু-নজরে প'লে কি আর বাঁচা যায়? কথায় বলে "রাজা বাদী, উত্তর না দি" আপনারা বস্থন আমি চাদর খানা নিয়ে আসি।

জামা। না, তা কখনই হবে না—এই ভাবেই কাছারি নেযাব, যেমন আছ তেমনিই চল, হুকুম মত কাজ ক'র্ত্তে হয়, এতো তোমার আমার ঘরাও কথা নয়, হুজু-রের যে রাগ, তাতে যে কি হবে তিনিই জানেন আর খোলা জানেন।

আবু। এমন ঘা'ট্ আমি কি করেছি? আপনারা কিছু শুনেছেন?

জামা। আমরা তার কি শুন্বো? গেলেই শুন্বে। চল। (সকলের গাত্রোখান)

আরু। তবে চল কপালে যা থাকে তাই হবে!

ি সকলের প্রস্থান।

· ( পটকেপণ )

(নেপথ্যে গান।)

রাগিণী বিঁবটে খাষাজ—তাল আড়াঠেকা,

সুখী বলে কোন জন ?

অধীনতা পাশে বাঁধা যাদেরি চরণ॥

ক্ষমতা হলোনা আর, করি পদ অংগ্রসর,

দেখে আসি একবার, প্রেয়সী বদন॥

ছুজন ছু হাত ধ'রে, লারে যায় জোর ক'রে,

কেহ মিছে রোষ ভরে, মারে অকারণ।

দেখিলে চক্ষেরি পরে, কেমন প্রভুত্ব করে,

--- 6 Dam

অ।নিতে দিলন! মে।বে আমারি বসন ॥

#### প্রথম অঙ্ক।

-CO-

তৃতীয় গৰ্ভাঙ্ক।

---2---

হায়ওয়ান আলীর বৈঠকখানা।

্ছায়ওয়ান আলীর মোগাহেবদিগের সহিত তাগ-ক্রীড়া।
হায়ওয়ান আলী ও প্রথম মোগাহেব এক দিকে।
দ্বিতীয় এবং তৃতীয় মোগাহেব অপর দিকে।)

হার। (তাস দেখিতে দেখিতে) বিশ্তি পাই? দ্বি, মো। কি বড?

হায়। বিবী বড।

দ্বি, মো। প্রত্যেক হাতেই যে বিবী বড় ? আপনার নকটে বিবীর বড় বাড়াবাড়ি দেখতে পাচছি! বিবী যে মার ছাড়ে না!

হায়। বিবী ছাড়ে বৈ কি, সাএবই ছাড়ে না! খলনা। দেখুন দেখি সেই বিবীর জন্যে কত খানা হয়ে াচ্ছে, কৈ একবারও সাএবের পানে ফিরেও তাকায় না! গঙের দশ আমার।

দ্বি, মো। আপনি তাকে যথার্থ ভাল বেসে থাকেন, সও ভাল বাস্বে; এতো চিরকালই আছে, মনে মন যে যাকে ভাল বাসে সেও তাকে ভাল বাসে।

হায়। দে যথার্থ, কিন্তু আমার ভাই কিছুতেই বি-

খাদ হয় না। যার জন্যে একবারে আহার নিদ্রা ত্যাগ,
পূর্ব্ব যে বড় ভালবাদার ছিল, তাকেও আরু দেখতে
ইচ্ছে করে না। ব'ল্বো কি, জিয়ন্তে মরার যাতনা ভোগ
ক'র্চ্ছি। অদৃষ্টের এমন দোব যে দে আমার নামও শুন্তে
পারেনা! কাবার বিস্তি।

দ্বি, মো। (তৃতীয় মোদাহেবের প্রতি) দেখে খে-লহে দেখে খেল। গোচ বড ভাল নয়।

প্র, মো। কাবার ইস্তক।

দ্বি, মো। তবে ঠ'ক্লেম।

তৃ, মো। কাজেই, ওঁদের পড়্তা পড়েছে, পড়্তা প'লে এই হয়। (গান) "পড়্তা ছিল তাল যথন, ফি হাতে হনদর তখন, মেরে তাস করিতাম হত লো!" এই টেকা, হাতের পাঁচ আমার।

হায়। হাতের পাঁচ নিলে কি হবে, ওদিগে যে চা'র-কুড়ি সাত দেখাতে হবে। আর এই বারেই পঞ্জা ( প্রথম মোসাহেবের প্রতি ) ওহে এক খান কাগজ ধর। ( তাস একত্র করিয়া সন্মুখে ধারণ ) কাটুন দেখি।

দ্বি, মো। (হস্ত বাড়াইরা) এই নিন গোলাম কে-টেছি, আর পাল্লেম না, গোলামেই সব হবে।

হায়। কি হবে ? এত ভয় কেন ?

দ্বি, মো। আবার ভয় কেন? সব হবে—গোলামেই সব হবে। ছায়। ওহে! আমরা সাধে জিৎছি, আমাদের যাত্রা ভাল , ওদিগের খবর শুনেছ তো ?

দ্ধি, মো। কতক কতক ! কৈ এতক্ষণও যে আন ছে না ? বোধ হয়, পালিয়েছে।

হায়। পালাবে কোথায়? একটু ব'সোনা, এখনই দেখতে পাবে।

ভূ, মো। দেখ্বে, এই দেখ ( ভাস নিক্ষেপ ) হন্দর হয়েছে।

হার। এমন সমর এমন কাজ ক'লে ? হাতে না কুলতেই হন্দর—

প্র, মো। (দূরে সদ্দারগণকে দেখিয়া)— ঐ আবুকে আন্তে।

হার। ( তাস বাঁটিতে বাঁটিতে ) চুপ কর, ওদিকে তাকিও না—এই বারে খেলাটা হয়ে যাক।

( সন্দারগণ-বেষ্টিত আবুর প্রবেশ)

আরু। (সেলাম করিয়া দণ্ডায়মান)

জামা। হুজুর !—আরু হাজির।

হায়। কাঁহা হায় ? পঞ্চাশ ! ( হেঁট মুখে সক্রোধে ) - অবি আবু ! তুই জানিস, আমি ভোর সব ক'র্ত্তে পারি ? জোর ভিটেয় যু যু চরাতে পারি ?

আরু। (ভয়-কাতর-স্বরে) হুজুর! আপনি সব

ক'র্ত্তে পারেন; আপনি রাজা;—জান্ জাহানের মা-লিক; মা'ল্লেও মার্ত্তে পারেন, রাখ্লেও রাখ্তে পা-রেন!

হার। তোর এত দূর আম্পদ্ধা ? আমার সঙ্গে অ-কৌশল ? তুই ভেবেছিস কি ? আমি তোকে সোজা ক'র্কোই ক'র্কো! কাবার পঞ্চাশ—জামাল! হারাম-জাদ্দে পঢ়াশ রোপেয়া, জ'র্বানা আদা কুর্।

জামা। যো ত্কুম।

আরু। (যোড়করে) হুজুর! আমি কি ঘা'ট করেছি গ হায়। চোপ্রাও হারামজাদ্! আব্তাক্ হাম্রা সাম্নে মুখোলকে বাৎ কাহতাহায়! আভি লেজাও, লেজাও, (ক্রোধে উচ্চৈঃস্বরে) ঘণ্টেকাদার মিয়ান রোপেয়া আদা কর্।

জামা। (মোল্লার হাত ধরিয়া টান) চল্। আরু। খোদাবন্দ আমায় মাপ ককন।

হায়। মাপ ক্যা, এহঁ। মাপ হায় নাই। জামাল! ওকে চোদ পোয়া ক'রে মাথায় ইট চাপিয়ে দে, তা না হলে ও ন্যাকা কখনও টাকা দেবেনা!

জামা। ( চোদ্দ পোয়া করণ )

আরু। খাঁ সাহেব আমার মাথায় ইঁটই দেন, আর আমায় কবরেই দেন, আমায় দিয়ে এত টাকা হবেনা, বাড়ী ঘর ছেড়ে দিলুম, বেচে নিন্। হায়। হারামজাদ্! আমি তোর ঘর বেচ্বো! তুই যেখানথেকে পারিস্ টাকা এনে দে (সর্দারগণের প্রতি) আরে তোরা এখনও ওর মাথায় ইট দিলিনে!

[ একজন সদ্দারের প্রস্থান।

আরু। ভূজুর! আমি বড় গরিব, কুপুষ্যি গলায়, বিষয় আশায় ভূজুরের অজানা কি? এত টাকা কোত্থেকে যোটাই? দোহাই খোদাবন্দ্! মাপ্ককন!

প্র, মো। কেন? তোমার কুপুষ্যি এমন কে?

দ্বি, মো। আরে জাননা, ছোটলোকের ঘরে যার এক্টু স্থনদরী বিবী, তার এক পুষ্যিতেই একশ! নিত্যি নতুন কর্মাস্—নিত্যি নতুন আব্দার!

প্র, মো। ওর বিবী বুঝি খুব খুপ্সুরৎ?

দ্বি, মো। উরির মধ্যে!

হায়। তবে অবিশ্বি টাকা দিতে পার্কে! তার গয়-নাই থাক্, নগদই থাক্, আর যার কাছ্ থেকেই হ'ক্, টাকার তার অভাব কি ?

(इँ व नरेश मक्तरतत প্রবেশ)

হার। দে ওর মাথার চাপিয়ে দে!

( সর্দার কর্ত্তৃক আবুর মাথায় ইট দেওন )

আরু। দোহাই সাহেব ! আর সরনা, আমার ছেড়ে পূর্ন, আমি বাড়ী গে ঘটা বাটী যা থাকে বেচে এনে দিক্তি। হুজুর! কপালে যা ছিল, তাই হ'লো! আমার কোনো পুর্বেও এমন অপমান হইনি! এর চেয়ে মরণই ভাল!

হার। চোপ্রাও, চোপ্রাও (মোসাহেবগণ-প্রতি) কি বল আর খেল্বে ? না আর কাজ নাই। (চ, মোসা-হেবের প্রতি ) আপনি একটা কথা শুনে যা'ন্।

চ, মো। (নিকটে গিয়া) বলুন ?

হায়। (কানে কানে প্রকাশ) এখনই যা'ন, আর বিলম্ব ক'র্কেন না, গিয়েই পাঠিয়ে দিবেন!

চ, মো। যাচ্ছি।

হায়। যদি স্থ-খবর আত্তে পারেন, তবে গাল ভ'রে চিনি দেব!

আরু। (চতুর্থ মোসাহেবের প্রতি চুপে চুপে) কর্তা। আমার জন্যে এক্টু—আমি আপনারে (পাঁচ অপুলি প্রদর্শন) দেব।

চ, মো। (হায়ওয়ান আলীর নিকট যাইয়া চুপে
চুপে) আবু কি ভতক্ষণ এই অবস্থায় থাক্বে ? ও অব-স্থায় রাখা আমার বিবেচনা হয় না।

হার। (মৃত্সরে) আচ্ছা, আপনি ওর জনে উপরোধ করুন, আপনার আসা পর্যান্ত বসিয়ে রাখ্তে হুকুম দিচ্ছি।

চ, মো। ( প্রকাশে ) দেখুন হুজুর! আবু আপনার২

.প্রজা, ওর ক্ষমতা কি যে আপনার অবাধ্য হয় ? এখানে ওকে এপ্রকার কট দিলে তো টাকা আদায় হবেনা, জা-মিন নিয়ে ছেডে দিন, টাকার যোগাড ক'রে নিয়ে আস্কুক।

হার। তা হবেনা; আমি ওকে ছেড়ে দিতে পারি না; তবে আপনি ব'ল্ছেন, এ অবস্থার না রেখে সন্ধ্যা পর্যান্ত কেবল দেউড়িতে কয়েদ থাকুক, সন্ধ্যার পর টাকা না দেয়, যা মনে আছে তাই ক'র্ফো, তখন আর কারো উপ্রোধ শুন্বো না!

চ, মো। আপনি সব ক'র্ত্তে পারেন। আমার কথার যে এই ক'ল্লেন, ইতেই ক্রতাত্থ হ'লেম।

প্রিস্থান।

হায়। জামাল! আবুকে সন্ধ্যা পর্য্যন্ত বসিয়ে বাখ্।— দন্ধ্যার পর টাকা না দেয়, বা ক'র্ত্তে হয় ক'র্বো! এখন দেউ ডিভে নে যা।

> ্রামাল, আবুমোল্লা এবং সন্দারগণের প্রস্থান।

দ্বি, মো। আমি এ ঠার ঠোর কিছুই বুঝ্তে পা-চ্ছিনে।

- '' গীতা নাড়ে অঙ্গুলি, বানরে নাড়ে মাথা।
- . বুঝিতে ন। পারি নর বানরের কথা !"

হায়। বুঝ্বে কি, আজও যে গাল টিপ্লে ছুখ পিঁড়ে। দ্বি, মো। হুধ পড়্ক তাতে ক্ষতি নাই, হুজুর কিন্তু বুঝে চ'ল্বেন, শেষে চক্ষের জল না পড়ে! তুখন আর ঠারে ঠোরে বলা চ'লবে না!

" ঠারে ঠোরে উনিশ বিষ দাদার কড়ী "—
পাঁচ ঘটাতে সকলে পারে, কিন্তু ম্যাও ধর্বার সময়
কেউ নাই।

হায়। (মুখের উপর হাত নাডা দিয়া) অধিকারী মহাশয় চুপ ককন, আপনার আর ছডা কাটাতে হবে না!

দ্ধি, মো। চুপ ক'লেম বটে, কিন্তু আমার ভাল বোধ হ'চ্ছে না। যাই কৰুন, আগে পাছে বিবেচনা ক'ের ক'র্বেন।

হায়। সে জন্যে আপনাকে বড় ভাবতে হবে না। আমি আপনার চেয়ে ভাল বুকি—চল আড়াফ বাওয়া যাকু।

वि, भा। अनोटि य शए कानी इस हस्सा!

হায়। চুপ**্কর হে চুপ**্কর, বেশী ব'কোনা, মাথা ঘূর্বে।

। गकालत প্রস্থান।

( शहेरक्रशन )

### দিতীয় অঙ্ক ৷

#### প্রথম গর্ভান্ধ।

আবু মোলার অন্দর বাড়ী। ( কুরুল্লেহার ও আমিরণ আমীনা।)

আমি। (কাথা দেলাই করিতে কবিতে) আর কা'দলে কি হবে, জমাদারের হাত কথনও এডাতে পা'র্মেনা, টাকা দিতেই হবে।

নুব। পঞ্চাশ টাকা কোথা পাব? আজ যে ক'রে
প্রায়দার কোমর থোলাই পাঁচ টাকা দিয়েছি, তা আর
কি ব'ল্নো। আর একটা প্রসারও ফিকির নাই, জিনিস
পত্র ঘর করেকথানা বেচ্লে কিছু টাকা হতে পারে,
তা এ অবস্থার কেই বা কিন্তে সাহস করে ? টাকা না
দিলেও তো রক্ষা নাই। আমি কি ক'র্বো? এত টাকা
কোথা পাব? তিনি কাছারিতে আটক রৈলেন,
কর্মমি মেয়ে লোক কোথা থেকে এত টাকা দেব? গরিব
ব'লেও কি তাঁর দ্য়া হ'লো না? পঞ্চাশ টাকা একসাতে
ত্র আমরা কখনও চক্ষেও দেখি নাই। আজ্ আর
ক্রোথা হতে দেব?

আমি। না দিয়ে কি আর বাঁচ্বে? জরিমানা না দিয়ে যে অন্য কোন হাকিমের মাটীতে পালাবে, মনের কোণেও সে কথা ঠাঁই দিওনা!

নুর। পালাব! সেতো পরের কথা, রাত্রে যে তাঁকে কত কফ দেবে, কত মা'রই মার্কে, কত বারই যে খাড়া ক'র্কে, আমার সেই কথাই মনে প'ড়ছে! তাঁর হাতে একটী পয়সাও নেই (রোদন) টাকার জন্যে তাঁকে মেরে মেরে একবারে খুন ক'রে ফেল্বে।

আমি। মাটীর হাকিমে মেরে ফেল্লেডুমি কি ক'র্কে? তার নামে তো আর সাএবদের কাছে নালীস ক'র্তে পা'র্কেনা? নালীস ক'ল্লে এই হবে, এক দিনে তোমার ভিটের পুকুর ক'রে দেবে! জ্মীদারের সঙ্গে কার কথা? সে কি না ক'র্তে পারে?

নুর। পারেন ব'লেই কিএকেবারে মেরে ফেল্বেন? এই কি জমীদারের বিচের? জমীদার বাপের সমান, কোথার প্রজার ধন প্রাণ মান রক্ষে ক'র্ম্বেন। ওমা! তা গেল মাটী চাপা! উল্টে দিনে ডাকাতী!

আমি। চুপ্কর চুপ্কর, ঐ কেন্কমণি আস্ছে, যদি কিছু ওর কানে গে থাকে, তবে এখনই ব'লে দেবে। মাগো, ও তো সামান্যি মেয়ে নয়!

নুর। তাই তোও আবার আস্ছে কেন? ওকেই বৈদেশুলেই যে আমার প্রাণ উডে যায়! ( ঝোলা ককে, ঘটা হস্তে ক্লফমণির প্রবেশ)

কৃষ্ণ। "জয় রাধে কৃষ্ণ বল মন!" মা ভিক্ষে দেও গো! ওমা তোমায় আজ্এমন দেখ্ছি কেন গা? কেঁদে কেঁদে ছটো চ'ক যে একেবারে রাঙা ক'রেছ, ওমা একি গো?

আমি। ও ম'রে গেছে, ওকি আর আছে! মোলাকে যে কাচারি ধ'রে নে গেছে, তুমি শোন নি ?

ক্ষন । তুই চ'কের মাথাখাই মা, আমি কিছুইশুনিনি! ব'রে নিয়ে গেছে ? সে কি ? কেন আরু তো দোষ কর্বার লোক নয়!

আমি। সূত্ গ'রে নিয়ে গেছে ! ধ'রে নিয়ে পঞ্চাশ টাকা জরিবানা হেঁকেছে, আরও কত অপমান ক'র্চেছ, টাকার জন্যে মাথার ইট দিয়ে খাড়া ক'রে নাকি রেখেছে ! এদের তো ঘর কুড়ুলে পাঁচটা পরসা বেরোয়না, অত টাকা কোথা পাবে ? এই কি হাকিমের বিচের ?

ক্ষন। (কিঞ্চিৎ ভাবিয়া) আহা হা, এত করেছে! হা ক্ষণ! কি ক'র্বে বাছা, জমীদার দণ্ড ক'ল্লে আর বাচ্বার উপায় নেই। টাকা দিতেই হবে—জমীদার টাকা নেবার জন্যে ধ'ল্লে আর এড়ান নেই। তবে তাকে ভয়ও ক'র্ব্রে হয়, তার কথাও শুন্তে হয়, জমীদার আস্ত বাঘ!

নুর। হুর্জ্জনকে সকলেই ভয় করে ! এই কি তাঁর ক্রেবেচনা ? আমাদের দিন চলাই দায়, কোন কোন দিন উপোস ক'রেও কাটাতে হয়, এতে যে, বিনি দোষে এত টাকা জরিবানা ক'লেন, কোন্থেকে দেব ? ঘর দোর ঘটী বাটী বেচ্লেও তো পঞ্চাশ টাকার অর্দ্ধেক হয় না। দেখ দেখি বাছা এ তাঁর কেমন বিচের ? হাকিমে এমন ক'রে অবিচারে মা'লে আর কার কাছে দাঁড়াব ? এর পর যদি হাকিমের পর হাকিম থাক্তো তবে এর বিচের হতো।

কৃষ্ণ। ওমা! হাকিম থাক্লে ক,র্ত্তে কি? জমীদারের হাত ক দিন এডাবে? হাকিম তো আর সকল সময় কাছে ব'সে থাক্বেন্না! জমীদার যথন মনে ক'র্ব্বে তখনই ধ'রে নিয়ে জরিবানার টাকা আদায় ক'র্ব্বে। মা! বেলা গোল আর থাক্তে পারিনে, একমুটো ভিক্ষে দেও যাই, আর কি ক'র্ব্বে মা! (দীর্ঘ নিশ্বাস)

নুর। (ভিক্ষা আনিতে গমন)

কৃষ্ণ। ( পশ্চাৎ যাইয়া দ্বার দেশে দণ্ডায়মান )

মুর। (ভিক্ষা আনিয়া ভিকারিণীর ঘটীতে দান)

ক্ষা। (ভিক্ষা লইতে লইতে) চুপে চুপে শুন মা! জমীদারের হাত কখনও এড়াতে পা'র্বেনা, আমি শুনিছি তোমার জন্যে একেবারে পাগল। দেখ মা এক মাস হ'লো তোমার পাছেই নেগে আছে, তুমি মনেক'ল্লে সব মিটে যায়!

নুর। (সক্রন্দনে) আমি আবার কি মনে ক'র্কো ং কৃষ্ণ। আর এমন কিছু নয়, আজ্ রাত্রে যদি তাঁর বৈটকথানায় যেতে পার, তা হ'লে যত রাগ দেখ্ছো একেবারে জল হয়ে যাবে! তুমি উল্টে আবার তার ডবল ট্রাকা ঘরে আন্তে পা'র্ফো।

নুর। আমি বৈঠকখানায় যাব মাসি? (চক্ষে অঞ্চল দিয়া) এত কাল পরে তুমি আমার এই কথা বল্লে? তাঁর কি এমন কর্ম্ম করা উচিত? অধীনে আছি ব'লেই কি এমন অধর্মের কাজ ক'র্কেন? এই কি তাঁর ধর্ম?—এ বড় দাকণ কথা, আমা হতে এমন কর্ম্ম হবেনা! তিনি যা করুন, তা করুন, প্রাণ থাক্তে আমা হতে এমন কুকাজ হবে না—আমি বৈঠকখানায় কখন যেতে পা'র্কেনি না। যদি বড় পেড়াপীড়ি হয় তবে এই রাত্রেই গলায় দড়ি দিয়ে ম'র্কো!

কৃষ্ণ। (জিব কাটিয়া) সেওতো ভদ্র সন্তান, তায় আবার জমীদার, একথা কে শুন্বে ? কেউ জান্তে পা'র্মে
না! জান্লেও কার হুটো মাথা এ কথা মুখে আনে মা!
তুমি রাজার রাজ-রাণীর মত সুখে থাক্বে! দেখ জমীদার,
সে কি না ক'র্ভে পারে ? তোমায় ধ'রে নিয়ে যেতেও তো
তার ক্যামতা আছে! জব্রাণ্ ক'লেও তো ক'র্ভে পারে!
সে স্থান পণ ক'রেছে, তখন ছাড়্বে না, কখনই তোমায়
ছাড়্বে না! তবে কেন অপমানে কুল্মজাবে ? মান্
ফর্কিতে আগেই গিয়ে তাঁর কাছে কাতর হয়ে পড়, আদর পাবে! তিনি যা বলেন তাইতে রাজি হওগে মা!

ভূমিই যে একা একাজ ক'চ্ছো তা তো নয়; জমীদারের নজরে পড়ে অনেক কোণের বউ পজ্জন্ত এ কাজ করেছে; চৌধুরীদের কথা শোননি? ওমা। তারা আন্ত ডাকাং! পাড়া পড়দী জ্ঞাত কুটুম পের্জার ঘর কাউকেও ছাড়ে নি। যার ওপর নজর করেছে তারির মাথা থেয়েছে? কৈ কে তার কি করেছে? যে তার অবাধ্য হয়েছে, তার তিটে মাটী একেবারে উল্কুড় উটিয়ে দিয়েছে! মা আমি তোমার ভালর জন্যেই ব'ল্ছি, মানে মানে থাকাই ভাল, শেষে মানও যাবে আর জান্তেই পাচ্ছে—বুব্বেছ—

নুর। বুঝেছি সব, কিন্তু সে কাজ আমি পার্কোনা, জান্ থাক্তে তো নয়! আগে আমায় খুন্ করুন, তার পর যা ইচ্ছে তাই ক'র্কোন! ( মুণা ও বৈর্জির দৃষ্টিতে শশব্যস্তে গমনোদ্যতা)

রুষ্ণ। দাঁড়াও না ও—

নুর। আমি শুন্বোনা ( আমিরণের নিকটে গমন )
কৃষ্ণ। শুন্লেনা, শুন্লেনা, আচ্ছা যাই আগে,
খাঁ সাহেবের কাছে এই সতীপনার যা শোনাতে হয়,
ভা হবে অকন! শেষে জান্তে পার্কে আমি কেম্ন
ক্ষমণি!"

[ সকোধে প্রস্থান

আমি। ক্লফমনি হাত মুখ নেড়ে কি ব'ল্ছিল বউ ?

মুর। তোমার আর শুনে কাজ নেই। সে কথা আর মুখে আন্বো না, ছি ছি বড় মান্যের এই আচরণ!

আমি। কি কথা, বল্না শুনি ?

নুর। তবে শোন। (কানে কানে প্রকাশ)

আমি। (গালে হাত দিরা) এমন! তা হবেই তো; ওরা ছাগলের জাত !—পর্যান্ত পার পায়না, তুমি আমি তো ছার কথা! ব'লতেও নজ্জা করে ব'ন, ভনতেও নজ্জা! ওদের যেয়ে মানুষ দেখুলেই চ'ক টাটায়, জ্মীদার হলেই প্রায় এক খুরে মাথামুডনো! কেউ টিরকাল বাইরে বাইরে কাটাচ্চেন, ঘরের খবর চাকরেরাই জানে! যেখানে যান সেই খানেই মরেন, এক দিনের জন্যেও ছেডে থাকুতে পারেন না। বাই! বাই! বাই! বাই বই হুনিয়াতে তাঁদের যেন আর কেন্ট নাই! এঁরাই আবার বড লোক! সাএবদের কাছে ব'স্তে পান, কত খাতির হয়, তাতেই আরও ন্যাজ ফুলে ফুলে ওঠে! সংকাজের বেলা এক প্রসা মাবাপ! কিন্তু ওদিকে কম্পতক! চুল পেকেছে, দাঁত প'ডে্ছে, মুখের চামড়া ঢিল হয়েছে, কিন্তু সক্ এম্নি দাঁত পডা বাঘের মতন এখনও জিব লকু লকু করে। সেই বাজা'রে মেয়ে গুনো এদে কত নাঞ্চনা দিয়ে যায়, তরু নজ্জা নেই! র্কিছু দিন খাবার পর্বার্ নোভে থেকে বেশ দশ-টোকা হাত ক'রে মুখে চুণ কালী দিয়ে চ'লে যায়, আবার বেদিনী, যুগিনী, চাঁড়াল্নী, কলুনী, চা'র জেতের চা'র জনকে নিয়ে কেউ কেউ বুড় ব্য়েদে রঙ্গ ক'ছেন; কেউ ঘরের বাইরে রঙ্গিণী নে উন্মত্ত; কেউ ঘরের দিবিব স্ত্রী ফেলে পাড়াতেই কাল কাটাছেন। তা ব'ন্ এদেশের জমীদারদের অনেকের দশাই তা এই! তা ব'লে আর কি ক'র্কেবল? যে গতিকে পারে; তোমার মাথা খাবেই খাবে! তা এখন চল, ওদিকে—

নুর। ওদিকে আর তুমি কি ব'ল্বে ভাই। ( দীর্ঘ নিশ্বাস ) আমি আজ বুঝিছি। আজ্ মাসাবিধি লোকেব দারার কত রকমের কথার ঠারে কত লোভ দেখাছে। খাসাহেবও বিকেলে সন্ধ্যার পর মিছি মিছি শীকাবের ছুতো ক'রে বাড়ীর আশে পাশে ঘুরে বেড়াছেন। আমি আজ্ সকলি বুঝিছি। আমি যা যা বলিছি, বোধ হয় রুফমণি তার দ্বিগুণ বাড়িয়ে ব'ল্বে, আমার কি হবে? আমি কোথা পালাব? এখনই যদি আমাকে ধ'রে নিয়ে যায়, তবে আমার কি দশা হবে? কার কাছে গে এ বিপদ থেকে রক্ষা পাব ? এমন কি কেউ নেই ?

( পर्टेटक्म्प्रन । )

(নেপথ্যে গান।)

রানিণী বাগন্সী—ভাল আড়াঠেকা।
আর, কে আছে আমার?
এ ছুঃখ পাথারে কেবা হবে কর্ণধার ?
যে তারিবে এ ছুন্তারে, নিজে সে ভাসে পাথারে,
না হেরি সে প্রাণেশ্বরে, ঝুরি অনিবার।
আমরি আমারি লাগি, প্রাণকান্ত ছুঃখ ভাগী,
বিপক্ষ হলো বিরাগী, না দেখি নিস্তার!
শুনেছি ভারতেশ্বরী, ছুন্ট জন দণ্ডকারী,
তবে, মাগো কেন হেরি, হেন অবিচার?

### দ্বিতীয় অঙ্ক।



### দ্বিতীয় গর্ভাঙ্ক।

#### গুলির আড্ডা।

( হাওয়ানআলী, মোদাহেব চারিজন এবং একজন গুলিখোর আদীন।)

হায়। ওহে ব'সো ব'সো, কেবলই টা'ন্ছো, ছু একটা গম্প চলুক।

তৃ, মো। হুজুর! গোরী নদীর পুল বেঁধেছে—
প্রা, মো। বেঁধেছে বটে, তার ওপরে কলের গাড়িও
চ'লছে বটে, কিয়ে—

তৃ, নো। ( সক্রোধে ) কিন্তু আবার কি ।

প্রা, মো। (মাথা চুল্কাইতে চুল্কাইতে) সে পুল টেঁক্বেনা; ছমাস পরেই হ'ক্, আর ছমাস পরেই হ'ক্, ভেঙে প'ড্বেই প'ড্বে। যত বেটারা গাড়ীর মধ্যে থেকে উঁকি মেরে হাত নাড়া দিয়ে চ'লে যায়, তারা গৌরির জল খাবেই খাবে! গৌরি তাদের খাবেনই খাবেন!

হায়। নাহে না, ভাংবে না। শুনিছি ভারি ভারি ভারি ভারি ভারি ভারি

প্রা, মো। আপনার উপরে হাকিম দেখাতে চায়, এতদূর বুকের পাটা! আমি——

হার। এখনি তারে হাকিম দেখাচ্ছি! বড় সতী হয়েছে! সতীপনা এখনই মালুম পাওয়া যাবে!

> ( জামাল, কামাল ও চতুর্থ মোসাহেবের প্রবেশ।)

জামা। (দেলাম করিয়া দণ্ডায়মান)

হার। দেউড়িতে যত সদ্দার আছে, সব জাও। মোল্লাকো জৰুকো পাকড় লাও। মোল্লাকে ছেড়ে দেও! আমি মোলা চাইনে, নুরন্নেহার চাই!

জামা। হুজুর! আমরা চাকর, যে হুকুম ক'র্বেন, তা মিল ক'র্বেনিই। কিন্তু শেষে যেন মারা না যাই।

হায়। তোমাদের কি ? এর জন্যে যদি আমার সর্বস্থে যায়, তাও স্বীকার! নুরন্ধেহার কেমন সাচ্চা দেখ্বো! আর বিলম্ব ক'রোনা, এখনই যাও, আর সহ্য হয় না। কি ? মেয়ে মান্যের এত বড় কথা!

জামা। হুজুরের হুকুম, চ'ল্লেম!

[ সেলাম পূর্বেক জামালকামালের প্রস্থান।
হায়। (কিঞ্চিৎ ভাবিয়া) আর ভাবলে কি হবে,
যা অদৃষ্টে থাকে তাই হবে! (ভ্, মোপাহেবের প্রতি)
ওহে টাননা?

তৃ, মো। (গুলি টানিতে আরম্ভ)
গু, খো। (আগুন দিতে অগ্রসর)
হায়। স্কুছু সুত্র টান্! কেউ একটা গান ধর না—
তৃ, মো। আচ্ছা এই ছিটে টা ওড়াই।
গু, খো। কর্তা আমি সারা দিন কিছুই খাইনি।
হায়। কিছুই খাস্নি, এই যে এত ছিটে খেলি!
গু, খো। কর্তা না, জল টুকুও মুখে দেই নি।
তৃ, মো। আচ্ছা এই ছুটো প্য়সা নে, বাজারে
জলপান কিনে খেগে যা (ছুটী প্য়সা দান)

[ সেলাম পূর্বাক গুলিখোরের প্রস্থান।

হায়। একটা গান ধর না।

তৃ, মো। আচ্ছা। (মোচে তা দিয়া, এক্টু চাট্ খাইয়া) তবে একটা মধ্যমান গাই।

রাগিণী জন্মলা—তাল আড়থেম্টা।

যে বলে হয় হাড় কালী মকের ছিটে টান্লে পরে।
ছুগালে চা'র্ চড়্লাগাই তার. দেখা পেলে

রাস্তার ধারে।

যে পেয়েছে গুলির মজা, উড়েছে তার নামেরধর্জী, মনে মনে হয় সে রাজা, যথন, আড্ডায় এসে ্ আড়ডা করে। তু চা'র ছিটে উড়িয়ে দিলে, চতুর র্ম ফল্টী ফলে, নবাব জাদা কাছে এলে,

কে আর তারে কেয়ার করে?
নয়ন ছটী বুজে বুজে, ঢুলি যথন মাথা গুঁজে,
স্বর্গ মর্ত্য দেখি খুঁজে, তেমন মজা নাই সংসারে!

(প্র, মোদাহেব ব্যতীত সকলে উচ্চৈঃস্বরে গান)

প্র, মো। এই বুঝি তোমাদের মধ্যমান?

ভ্, মো। নয়? ভবে এটা কি? ভায়া ভারি কালোবাত!

প্র, মো। ওরে তোর মাথা! এটা আড়থেম্টা, আর রাণিণী শঙ্করা!

ভূ, মো। কে জানে তোর খেমটা, আর কে জানে তোর শঙ্করা!

হায। (উষ্ণভাবে) এক্টু চুপ কর ছে চুপ কর। (উচ্চঃম্বরে) ওহে! তোমরা কি পাগল হয়েছ? এক্টু চুপ করনা। (মোসাহেবগণ পূর্ব্বমত উচ্চরবে তাক্লাক্সিন ধিনিতাক্)

হায়। (হস্ত দ্বারা বিছানায় আঘাৎ) চুপ করনা, জোমাদের কাণ্ড জ্ঞান নাই। ওদিগে যে ভ্য়ানক গোল হ'ছে। (মোসাহেবগণ নিস্তব্ধ।) হায়। শুনেছ? বড়ই গোল হ'ছে। চল এক্টু এনিয়ে নিয়ে দেখা যাক্!

সকলে। চলুন, আপ্নি যাবেন আমরাও যাচ্ছি। (উচৈচঃস্বরে আল্লা আল্লা করিয়া)

। गकरलत প্রস্থান।

(নেপথ্যে—উচ্চৈঃস্বরে—ছোট বিবি ম'লেম, আমার নিয়ে চ'লো, এইবারে গেলেম!)

(দ্বিতীয়বার নেপথ্যে। এগোরে নিয়ে গেলরে. তোরা এগোরে, দোহাই মহারাণীর তোরা এগরে।)

( अप्रेक्शिश )

### দ্বিতীয় অঙ্ক।

তৃতীয় গৰ্ডাঙ্ক।

\_\_\_°\_\_\_

### কোশলপুর।

হা ওয়ান আলীর বৈঠকখানা।
(মোগাহেৰগণ, সন্দারগণ এবং হায়ওয়ান আলী
কুরলেহারের হস্ত ধরিয়া দণ্ডায়মান)
(মুরল্লেহার হেঁট বদনে, কম্পিতা।)

হার। কেমন? এখন তো হাতে প'ড়েছ! এখন আর কে রক্ষা ক'র্বে? বাড়ীতে ব'সে ব'সে যে ব'লেছিলে, ওঁর উপরে কি আর হাকিম নাই? কৈ কাকেও যে দেখতে পাইনে! তোমার সে বাবারা কোখার? এখন দেখে না! এসে রক্ষা করে না! সভী সভী ক'রে বড় ঢুলে প্'ড়তে! এখন সভীত্ব কোখার থাক্বে? আমার হাতে তো প'ড়তেই হলো, তবে আর এড ভির্কুটী ক'ল্পে কেন? আমার ক্ষমতা আছে কি না তাওতো দেখলে? আরো এখনি দেখতে পাবে জান! এত দিন আমার জান্কে যে এত হাররাণ করেছ জান! এস তার প্রতিকল দিই!

নুর। (সককণে) আপনি সব ক'র্ত্তে পারেন! আমি আপনার প্রেজা, আমি আপনার মেয়ে, আপনি আমার বাপ! জাত্মান রক্ষা ক'র্ত্তেও আপনি, প্রাণ রক্ষা ক'র্ত্তেও আপনি! আমি আপনার মেয়ে, আপনি আমার বাপ! (রোদন) আপনিই আমার জাত্ কুল রক্ষা ক'র্বেন!

হায়। এই যে তাই ক'র্চ্ছি! ( মুরন্নেহারকে টানিয়া লইতে উদ্যত )

নুর। (মাটীতে গড়াইরা পড়িরা সরোদনে) আমার ছেড়ে দিন! গলার কাপড় দে ব'ল্ছি আমার ছেড়ে দিন! আমি আপনার মেয়ে! আপনি আমার বাপ! আমার কাপড় অসামাল হলো, কাপড় পরি, ছেড়ে দিন!

হায়। (রুমাল দারা মুখ বন্ধন করিতে করিতে) কাপড় নেওয়াচ্ছি।

নুর। (গেঙ্গাইতে গেঙ্গাইতে) পায় ধ—ব'— আমা—

হার। (মোসাহেবগণ প্রতি) আপনারা তুই জন হারামজাদীর পা ধরুন, আমি হাত ধ'রে টেনে নিচ্ছি। (তৃ, এবং চ, মোসাহেব বেগে পদ ধারণ এবং খাঁ সাহেব কর্ত্তক লম্মানা নুরম্বেহারকে আকর্ষণ) ছি, মো। (ক্ণ-চিন্তার পর) হুজুরের যে রাগ দেখতে পাচ্ছি, এতে যে কি ক'রে বদেন, তার নিশ্চয় কি ? কিন্তু এর ভোগ শেষে ভূগ্ভেই হবে!

জামা। দেখুন আমরা চাকর, ত্কুম ক'লে আর অত্ল ক'র্ডে পারি নে। একাজটা বড়ই অন্যায় হ'চেচ! মোল্লার স্ত্রী গর্ভবতী, তার পর এই জব্রাণ! কাজটা বড় অন্যায় হ'চ্ছে! কি করি? এঁর অধীনে থেকে একেবারে সর্ধনাশ হবে! এঁর তো দিগ্ বিদিগ্ কিছুই জ্ঞান নেই! ন্যায় হ'ক অন্যায় হ'ক একটা ক'রে বসেন, যে ভাব দেখ্তে পাচ্ছি, এতে আমাদের জাত্ কুল খাকাই ভার! আজ্ আবু মোল্লার যে দশা হলো, কোন্দিন আমাদেরই বা ওরূপ ঘটে!

### ( হাওয়ান আলীর পুনঃ প্রবেশ )

হায়। ওছে, ভোমরা এখানে কি ক'চেছি।? ভোমরা বুঝি ভাগ চাওনা? যাওন;—এমন দিন আর করে পাবে!

প্র, মো। আচ্ছা যাই।

প্রস্থান ।

হায়। (সদ্দারগণ প্রতি) তোমরা আমায় বড পুসি ক'রেছ, আমি মনের মত খুসি ক'র্বো! জামা। হুজুর! আমরা—হুকুম পেলে কাউকে
ভয় করিনে, ভবে দেখ্বেন শেষে যেন একেবৃারে দয়
ডুবেন। মরি! সময় বড় খারাপ, সাবেক আমল হলে
এত ভাবতেম্না।

হায়। তার জন্য ভয় কি ? মকদ্দমা আছে, মামলা আছে, আমি আছি! যত টাকা লাগে; বে পরওয়া, জানু করুল! জামাল, ওকে কি রকমে ধ'লে?

জামা। আমরা এ দেই কোটার পিছনে দাঁড়িয়ে ছিলুম, কোন মতে আর কাক পাইনে। অনেকক্ষণ পরে কানে আওয়াজ এল যে একটু দাঁড়াও আমি ব'ার থেকে আদি। আবার শুন্লুম, যাও চাদ্নির রাত্ ভয় কি? তার পরেই দেখি যে নুরয়েহার বাইরে এয়েছে। তখন একেবারে লাফিয়ে ধ'রে শূন্যে শূন্যে আশের লাগ্লুম! ও কেবল মুখে ব'ল্লো, যে ছোট বিবি ম'লেম! তার পরেই আপনি গিয়েছেন। মোল্লাকে যে রকমে তাড়িয়েছি তা তো দেখেছেন—ছজুর আমরা যেন নফীনা হই।

হায়। তোমাদের ভয় কি? টাকার অসাধ্য কি আছে বল দেখি?

জামা। হুজুর! সে যথার্থ, কিন্তু আমরা গরিব, সেইটা যেন মনে থাকে!

হায়। মনের মত বকুসিস ক'র্কো।

(প্র, মোসাহেবের প্রবেশ)

প্র, মো। হুজুর সর্ব্বনাশ হয়েছে। হায়। কি হলো?

প্র, মো। আর কি দেখছেন, সুরমেছার কেমন ক'চের্ছ, বুঝি বাঁচেনা!

হার। বটে? ( ত্রস্ত উঠিয়া)

প্রা, মো। তার ভাব দেখে ভাল বোধ হ'চ্ছে না। [উভয়ের প্রস্থান।

> ্ এবং জামাল কামাল ব্যতিরেকে অবশিক্তি সন্দারগণ অপর দিক দিয়া বেগে পলায়ন।

জামা। অদৃষ্টে কি জানি কি হয়? গতিক বড় ভাল বোধ হ'চ্ছে না।

( হাওয়ান আলী মোস্। হেবছয়ের সাহায্যে হাত পা ধরিয়া নুরন্নেহারকে লইয়া পুনঃ প্রবেশ।)

হার। (মাটিতে রাখিয়া) যথার্থই কি মরে, না ওর সব মিছে? ও কিছুই নর, ও একটা কাপ্ ক'রে ররেছে!

দ্বি, মো। না, না, দেখুন যথার্থই গর্ভবতী ছিল! ঐ দেখুন তল পেট তোল পাড়্ক'র্চেছ! হায়। (নিকটে যাইয়া বিস্ময়ে) যথার্থই গর্ভের লক্ষণ দেখা যাচ্ছে, তল পেট অত নড়ে কেন ?

মুর। (মৃত্রস্বরে) হা খোদা! আমার কপালে এই ছিল ? নারী কুলে জন্ম নিয়ে সতীত্ব রক্ষা ক'র্ত্তে পাল্লেম না! হায় এই জন্যে কি আমার জন্ম হয়েছিল ? জ'ন্মেই কেন মরে গেলুম না? তা হ'লে এত গঞ্জনা সইতে হতোনা। কুলেও খোঁটা হতোনা! কি করি উপায় নাই, এত্রংখ কাকে জানাব? এসময় প্রাণধন স্বামীর সঙ্গে দেখা হলোনা! মাবাপের মুখও দেখতে পেলেম না! প্রতিবাদীরাও আমায় দেখতে পেলে না! (দীর্ঘ নিশাস) হা খোদা! তোর মনে এই ছিল? जभीमात रुख अभन काज क'ल्ल ? धर्मात मिरक ठारेल না! এত কট কি আর এক প্রাণে সয়? হায় হায় এদের দমন-কর্ত্তা কি আর কেউ নেই? এদের উপর কি আর হাকিম নেই? হায় হায় জাতু গেল, দেশ জডে কলস্ক হলো, প্রাণও গেলো, সুত্র আমার প্রাণই যে গেলো তা নয়! পেটে যে একটা ছিল, তারও গেল! খাঁ সাছেব! আপনার মনে এই ছিল ? এই ক'ল্লেন ? খোদায় আপনার विठात क'दर्सन! एटाहि, य महातागी मकटलत उপदत বড, সাএবদের ওপরেও বড, আমরা যেমন তোমার প্রজা, তেমনি তুমিও তাঁর প্রজা! তিনি কি এর বিচার ক'র্কেন না ? প্রজার প্রজাব'লে কি আর দয়া হবে না ? মা ! তুমে

বেলাতে থাক, তোমার প্রজার প্রতি এত দৌরাত্ম্য হ'চ্ছে তুমি কি জান্তে পার্চেছানা ? কেবল বড় বড় লোকই কি তোমার প্রজা ? আমরা গরিব ব'লে কি তুমি আমা-দের মা হবে না ? মা—আ—মার আ—মা—দর না, মা—মা—মা আমি মেরে দরা—কর—মা—তো—পা—য় ( মৃত্যু )

হায়। ওছে যথার্থই ম'লো! (নিকটে যাইয়া নাসি-কায় হস্ত দিয়া) নিশ্বাস নাই! মরেছে, না ঐ যে তল-পেট ন'ড্ছে! কৈ আর যে নড়েনা! বুঝি পেটেরটাও মলো (বুকে হাত দিয়া) একবারে ঠাওা হয়েছে, আর নাই (কিঞ্চিৎ ভাবিয়া) এখন উপায়?

প্রি, মোসাহেরের প্রস্থান।

দ্বি, মো। আর উপায়! তখনই তো ব'লেছিলাম, যা ক'র্ম্বেন আগে পাছে বিবেচনা ক'রে ক'র্ম্বেন! এখন তো খুনের দায় ঠেকুতে হলো!

হায়। চুপ্ চুপ্! খুন খুন ক'রোনা! যা হবার তা হলো, এখন কি করা যায়? অদৃষ্টে যা থাকে তাই হবে, ব'সে ব'সে ভাবলে আর কি হবে। রাত্ থাক্তে থাক্-তেই এর একটা উপায় করা চাই।

দ্বি, মো। আমার বৃদ্ধি শুদ্ধি কিছুই নাই, আমি একবারে জ্ঞান শূন্য হয়েছি। যা আপনি ভাল বোঝেন করেন!

হায়। জামাল ! ভোমার বিবেচনা কি হয় ? জামা। আপনি যে হুকুম ক'র্ম্বেন তাই কর্ম্বো, এতে আর আমাদের বিবেচনা কি ?

(প্র, মোনাছের এবং নিদ্রোপিত বেশে নিরাজ আলীর প্রবেশ।)

দিরা। আরে পাজিরে! এমন কাজ ক'লি? একেবারে হারু খাঁর নাম ড্বালি? তোর কি কাও জ্ঞান নাই? চির কালই কি তোর এই ভাবে গেল লক্ষীছাড়া! আর কি মর্বার জরণা ছিলনা? এমন কাজ কি কর্ত্তে হয়? যত গোঁয়ার একঠাই জুটে এই কাজ ক'চের্ছ! এখন মুখে কথা নাই! তোর জন্যে সর্বনাশ হবে! পূর্ব্ব পুক্ষের নাম গেল, তুই কি একেবারেই পাগল হয়েচিন্? এখন আর কি ব'ল্বো? তোরে এরুদ্ধি কে দিলে? (দি, মোসাহেবের প্রতি) এখন মুখে কথা নাই, পাজিরা এখন যেন কেউ নয়! সর্ব্বনাশ ক'লি! যুটে পেটে মজালি! রাগ আর বরদান্ত হয় না—(দি, মোসাহেবেক মুট্যাঘাত) তোরাই আমার সর্ব্বনাশ ক'লি! তোদের কুপরামর্শেতেই হয়েছে!

দি, মো। দোহাই আলার! কোরাণের কিরে! আ-পনার গাছুঁরে ব'ল্তে পারি, আমি দকার দকার মানা করেছি, এমন কাজ ক'র্কেন না। তাকি উনি শুনেন, উনিনা একজন!

সিরা। জামাল, তোরাই আমার সর্মনাশ কলি! তুই কি এই বদমাইদদের দলে মিসে গিছিস্?

জামা। কর্ত্তা আমি কি আর কর্ম্বো? হুকুম কল্লে তো আর অগুল কর্ত্তে পারিনে!

সিরা। আর সকল বেটারা কোথা?

জামা। সকলেই পালিয়েছে!

দিরা। (উপবেশন এবং অনেকক্ষণ পর্যান্ত হেঁট্
মুখে চিন্তা) হায়! এখন কি হবে ? উপায় ? বাঁচ্বার
উপায় কি ? এখন কি আর দে দিন আছে ? এই হাতে
কৈতকাও করেছি, কত জনের ওকর্ম করেছি, দাবেক
কাল্ হলে আর এত ভাবতে হতো না। পাজিরা শোনও
নাই ? আমার বাপ্জী কুরুর দিয়ে মানুষ খাইয়েছেন,
আর আমরাও কত কি করেছি, এখন যে কেন চুপ
ক'রে থাকি ভাতো তোরা বুঝ বিনে!

জামা। তা ব'লে আর কি হবে? এখন বাঁচ্বার পথ দেখা যাক্।

দিরা। এক কাজ করা যাক্, রাত্শেষ হয়ে এল।
আর কোন উপায়ই এখন হয় না। তবে সকলে হাতা
হাতি ক'রে ধ'রে নিয়ে আবুমোল্লার বাড়ীর উত্তর দিকে
খেজুর বাগানে ফেলে আসা যাক্! শেষে নিসিবে যা
থাকে, তাই হবে। ভোর হলো— নেও, নেও, উঠ, উঠ,
আর দেরি ক'রোনা।

দি, মো। হুজুর যা ব'ল্লেন সেই ভাল। চল আর বিলম্ব ক'রে কাজ নাই। রাভ ফর্সা হয়ে এলো (নেপথ্যে ছুই বার কুকুট ধ্বনি) ঐ হয়েছে, আর রাভ নাই, ধর ধর।

मिता। जामान बत, मकत्न रे गात्छ !

জামা। (কোমরে চাদর জড়াইতে জড়াইতে) তবে আর দেরি করা নয়, ভোর হয়েছে, ঐ সেই পাগল বৈরাসী ব্যাটা গান গা'ছে। (কামালের প্রতি) কামাল। মর্ ভাই, একটা মেয়ে মানুষকে নে যেতে আবার আর কেউ কেন? আমরা থাকুতে বারুরা হাত দেবেন!

[জামাল ও কামাল কর্তৃক শব লইয়া গমন। পশ্চাতে পশ্চাতে অধো– মুখে সকলের প্রস্থান।

(পটক্ষেপণ)



(तिशर्था शान।)

রাগিণী ললিড-ভাল অলদ্ তেভালা।

চেতরে চেতরে চিত! এই তো দিন্ ঘুনায়ে এলো।

সারা নিশি যুমাইলে আর কত যুমাবে বল॥
মায়াবিনী এই নিশি, আদল্যুম্পাড়ানী মাদী,

ভোগা দিয়ে স্বানাশী.

मात कथां जि जूलिए फिल!

শিষ্ট যারা নিশিযোগে, রয় কি তারা নিদ্রাযোগে ?

मन् (तृरथ (महे श्रम-युर्ध),

যোগে ম'জে জেগেছিল।

ছুফ লোকে রেতের বেলা, ঠিকু যেন হর কলির চেলা,

কেউ চুরি, কেউ কামের খেলা,

थून् क'रत किं ज्वाहेन!

## তৃতীয় অঙ্ক।

#### প্রথম গর্ভাঙ্ক।

আরু মোলার খেজুর বাগান। (কনটেবলদ্বয় হুরলেহারের শবের পাখে দিগুরিয়ান)

প্রা, কন। বারু যে এতক্ষণত আস্ছেন্ না ? দ্বি, কন। উট্তে পাল্লে তো আস্বেন। প্রা, কন। সে তো আর নতুন নয়।

দ্বি, কন। তাতে কি আর নতুন পুরণ আছে, বেশী মাত্রা হলেই দিন কাবার! আবার যে লক্ষ্মী কাঁচে ভর ক'রেছেন তিনি তো——জানই আর কি!

(কা'স্থে বর্গলে তাম।কু টানিতে টানিতে ছুই চাষার প্রবেশ)

প্রা, চা। এ গাঁয় আর বাস্তবি হয় না। গেল না'ভিরে ধ'রে নিয়ে এই কাণ্ডটা করেছে।—জমীদার বহুৎ
আছে, অনেক জমীদারের নামও শুনিছি। এরা বেমন
বাবা!

. दि, চা। মামুজি, কি নকমে মালে?

প্র, চা। আমি কি দেখতে গিছি?

দ্ধি, চা। বুঝিছি বুঝিছি, ও বেটা বড় সয়তান্।
বন্ধুক হাতে ক'রে ঠিক সাঁজের ব্যালা আমাগার বাড়ীর
পাছ কাণাচে ঘুরেই বেড়ায়, ঘুরেই বেড়ায়। পাজ্ য়য়র
দে বাড়ীর মন্দিও আদে, বেটার চা'ল চলন বড়
খারাপ। মামুজি ভুমি শোননি, ঐ সেই দহিন্ পাড়ার
জোলা বড় হ্যাক্মত ক'রে ব'লেহ্যাল। উনি তো তার
মেয়াকে দেখে বাড়ীর সাম্নেই ঘোরেন্, সে ব'ল্লো হুজুর!
দিনে মুনিব ব'লে মান্বো, না'তিরে অজায়গায় দেখ্লি
আর হাকিম ব'লে ন্যাত্ ক'র্মোনা।

• (ইনিজ্যেক্টরের সহিত আবু মোলার প্রবেশ)

ও মামুজি ঐ সাএব। (পলাইতে উদ্যত)

ইনি। খাড়া রাও, কাঁহা যাতা হায়?

প্র, চা। ( ভূঁকা ফেলিয়া কর-যোড়ে ) কর্ত্তা! আমরা কিছু জানিনে।

ইনি। (শবের নিকটে যাইয়া) এ মেয়ে নোকটী কে? কি হয়েছে? এ রকমে এখানে প'ড়ে কেন?

প্র, চা। ম'রে গেছে, শুনিছি খুন হয়েছে।
আরু। ধর্মাবভার আমার সর্বনাশ হয়েছে, আমার
মাথায় বাড়ী হয়েছে। হুজুর আমার জাত-কুল-মান
সকলি গেল (সক্রন্ধনে) হায় আমার কি হবে?

ইনি। (কনটেবলের প্রতি) তোমরা কি অবস্থায় গদেখেছ?

প্র, কন। এই ভাবেই দেখিছি। ইনি। লাসু উল্টাও।

প্র, কন। (ঐ রূপ করিয়া) এই তো দাগ জধম দেখছি।

ইনি। কোথার কোথার দাগ জথম আছে দেখ। প্রা,কন। হুজুর এই পীটে, প্রাজরে, গালে দাগ দেখা

যাচ্ছে। আর অধোদেশ কুলো আর থান থান রক্ত!

আরু। হায় হায়! আমার অদৃষ্টে এই ছিল? (কপালে আঘাত করিয়া) হায়! খোদায় এই ক'রে এই দেখালে।

ইনি। হুজন কুলি বোলাও।

প্র, কন। ঐ হুই বেটাকেই ডাকি।

ইনি। আচ্ছা লে আও। ডাক্তার সাহেবের কাছে লাস পাঠাতে হবে।

প্র, কন। (ছুই চাষাকে ধ্বতকরণ) তোদের লাস নে জেলায় যেতে হবে।

প্র, চা। কর্ত্তা আমরা মোদলমান, মরা মানুষ ছুঁতে পার্কোনা।

দ্বি, চা। আমাদের জাত্যাবে, আমিও পার্কোনা। প্রা, কন। কি? পার্কিনে, পার্তেই হবে (ঘাড় ধরিয়া) শালা পার্কিনে, উঠাও লাস উঠাও। দি, চা। না বাবা! মেরেই ফেল আর কেটেই ফেল, আমরা পার্কোনা, আমাদের জাত্ যাবে, এ কাম আমা-দের নয়।

প্র, কন। (মুক্ট্যাঘাত করিয়া) নে বাঞ্চত লাস নে। । দ্বি, চা। এই নিচ্ছি।

[ চাষাদ্বয় লাস লইয়া প্রস্থান |

ইনি। জমীদারের পক্ষের লোক কোথার?

প্র, কন। হুজুর! তারা ভয়ে আপনার কাছে আস্-ছেনা। প্রামে আছে—চলুন।

ইনি। আচ্ছা চল-

ি সকলের প্রস্থান।

( পট<del>কে</del>পণ )

### তৃতীয় অঙ্ক।



### দ্বিতীয় গর্ভাঙ্ক।

#### -1990-

### বিলাদপুর।

মাজিঙ্ভেট সাহেবের কাছারি।
( মাজিউ্টে, কোর্টইনিজ্পেক্টর, কয়েকজন আসামী,
আবুমোলা এবং উকীল মোক্তার দর্শকগণ
আরদালী প্রভৃতি উপস্থিত।)

মাজি। নেই আমি আর সাক্ষী চাইনে। কোর্ট, ইঃ। (নিকট যাইরা) আসামীদের পক্ষের আর কয়েকজন সাক্ষী উপস্থিত আছে।

মাজি। নেই, সারুদ ত্য়া (ফরিয়াদির মোজারের প্রতি) টোম্রা কুচ সওয়াল হায় ?

মোক্তা। ধর্মাবতার! (গাত্রোত্থান)

উকি। ( আসামীর পক্ষে ) ধর্মাবতার—

মাজি। ও হ'টে পারেনা, টুমি আসামীর পক্ষে আছে, টোমার বস্তিটো শেষে হ'টে পারে। (বাদীর মোক্তারের প্রতি) টোমার আর কি আছ ?

মোক্তা। (ক্ষন্ধের চাদর বারে বারে নাডিয়া এবং মোচে তা দিয়া) ধর্মাবতার! এই মকর্দ্দমা বাদী আরু

মোল্লা প্রজা। আসামী হায়ওয়ান আলী-জমা-দার। প্রজা মোল্লার স্ত্রীকে বলপূর্বক ধরিয়া আনা, বলাৎকার করিতে থাকা ও তদহেতু মিত্যু হওয়ার প্রমাণ হইয়াছে। আর সেই জমীদার, জমীদার, সেই জমীদার আসামী আর কয়েক জন আসামীকে সঙ্গে করিয়া প্রাণ ভয়ে কোথায় পালিয়েছে তার সন্ধান মাত্র নাই। ইহাতে পষ্ট জানাযাইতেছে যে আসামীগণ সম্পূর্ণ রূপে দোষী ও অপরাধী। ধর্মাবতার! খোদা-বন্দ ! হায়ওয়ান আলী (থু থু ফেলিয়া থুবড়ি) হায়ওয়ান আলী খাঁ জমীদার। মপস্বলে প্রজার হঠা কর্তা মালিক জমীদার। তাদের আদালত ফেজিদারী জমীদারই নিষ্পত্য করিয়া থাকে — প্রজার পরস্পর বিবাদ নিষ্পত্য হ'ক্ বা নাছকু আপন নজরের টাকা হ'লেই হ'লো। প্রজারা শাসন তয়ে মুখে কথা নাই, জমীদার যা বলেন্ কোন মতেই তার অবাধ্যি হ'তে পারে না। জমীদারের অজা-নিতে কোন মতেই প্রজা বিচারের প্রার্থনায় আদালত আপ্রায় করিলে তখন জমীদার একেবারে অগ্নি-মূর্তি হয়ে তার ভিটে মাটী একেবারে জালিয়ে ছার খার করে। আর ইহাও অপ্রকাশ নয় যে—

মাজি। চুপ চুপ আসল কথা বল—

মোক্তা। খোদাবন্দ ধর্মাবতার এই মোকদ্দমায় জমীদার স্বয়ং আদামী স্বতরাং প্রমাণ হওয়াই দায়। তবে যে ভূজুর এওদুর হয়েছে সে কেবল সত্যি ঘটনা ব'লেই হয়েছে, নতুবা গরিবের সাধ্যি কি যে মোক্দমা করে। হারওরান আলী যে চরিত্রের লোক তার প্রমাণ এই দেখুন — (রায় দর্শান) ইতিপূর্ব্বে সাহেব জাদা হাকিমের আমলে এক হিন্দু স্ত্রীকে জবরাণে ধরিয়া এনে সতীত্ব হরণ করেন। ঐ প্রকার কত কুলবালার সতিত্ব নাশ করেছেন ধ্বংস করেছেন নফ করেছেন মাথা খেয়েছেন জাত্পাত করেছেন সে আমি বল্তে চাইনে। ধর্মাবতার ওদের নিষ্ঠুরতার বিষয় কত প্রমাণ আছে। প্রধান প্রধান হাকিমের রায়েতে প্রকাশ আছে।

(উপবেশন।

উকী। ধর্মাবতার মোক্তার মহাশার যে এতকণ পর্যান্ত ব'কে গেলেন এ মোকদ্দার সমস্কে কি ব'লেছেন, কিছুই বলেন্ নাই। জমীদার এমন করে — জমীদার প্রজার প্রকিষ্ঠা করে — জমীদার প্রজার সর্বস্থ হরণ করে — দে কথা এ মোকদ্দমায় কিছু মাত্র সংশ্রাব নাই, হায়ওয়ান আলী এ মোকদ্দমায় কি করিয়া দোষী ইহতে পারে,—তিনি অতি ধনবান্, বিশেষতঃ বিচক্ষণ ধর্মপরায়ণ, বয়স এ পর্যান্ত ৪০ বংসর হয় নাই। তার দারা এমন কাজ হওয়া কখনই সন্তব হয় না। কেবল মনোবাদ সাধন জন্য এই মিধ্যা নালীশ উপস্থিত হয়েছে। কোন সাকীতেই এমন প্রত প্রমাণ দেয় নাই;

। বে আমার মকেল মুরমেহার আওরতকে জবরান বলাৎকার করেছেন, আর সেই বলাৎকারে তাহার প্রাণ বিয়োগ হয়েছে, করিয়াদি আরুমোলা বড় কেরেব বাজ।

আরু। (গলবস্ত্রে অর্থাসর হইরা) ধর্মাবতার আমি নিতান্ত গরিব, আমার সাধ্য কি যে জমীদারের নামে মিছে মোকদ্দমা করি? হুজুর সে—

মাজি। চুপ্চুপ্ (কোর্ট সবইনিষ্পেক্টরের প্রতি) দারগার রিপোর্ট পড়।

কোর্ট ইঃ। (রিপোর্ট-পাঠ আরম্ভ) ফরিয়াদীর দ্রী মুর রেহার আওরতের মৃতদেহ দৃষ্টে ও সাক্ষী হামছায়াগণের বাচনিক জোবানবন্দীতে ও তমিজদ্দীন আসামীর স্বীকৃত জওয়াবের মর্মে ও তাহার সন্ধানে বাদীর বাস স্থান প্রামের তালুকদার ১ নং আসামী হায়ওয়ান আলী ও তস্য জাতা সিরাজ আলী সহিত ঐ প্রামের আংশিক তালুকদার কাতল মারিয়া নিবাসী লাল-বিহারী সাহার জমা জমী লইয়া বিবাদ ও মনবাদ হও্তন্যার ছায়েল মজকুর ঐ খাঁদিগের আত্রিত লোক থাকিয়া এদানিক তাহাদের অসম্ভিতে সাহাদের অনুগত ও বাধ্য হওয়ায় হাওয়ান আলী অতি লম্পটি ও দুইট স্বভাবের মনুষ্য বিশেষ উক্ত মনোবাদে বাদীকে নির্যাভন ও স্বীর কুপ্রবৃত্তির সাধন জন্য আপন চাকর ও বাধ্যা-

মুগত ২ হইতে ১৮ নং প্রতিবাদীগণের সহিত জোট বদ্ধ হইয়া অমুক তারিখে অধিক রাত্তে ফরিয়াদীর প্রতি-वानी र नः आमाभी वाणित निकटि थाकिया हार्यात्नत স্ত্রী প্রস্রাব করার জন্য ঘর হইতে বাহির হইলে তাহাকে বল পূর্ব্বক ধ্বত করিলে এ স্ত্রী সোর করাতে বাদী প্র-ভুতি বাহির হইয়া দোর করায় তাহাদিগকে ভয় প্রদর্শন দারা হটাইয়া স্ত্রী মজকুরার মুখাদি বন্দ করিয়া হতা-সাঙ্গে শূন্য ভাবে আপন বাহির বাটীর পূর্ব্ব দারি বৈঠকখানা ঘরের মধ্যে লইয়া ও মুখ বদ্ধ করিয়া বলাৎ-কার করা ও নানা মত অত্যাচার করিয়া কট দিয়া হত্যা করা স্পট প্রমাণ ও প্রকাশ পাইলেক যে ২ নং হইতে ১০নং আসামীগণ ভারতবর্ষের দণ্ড বিধি আইনের ৩৫২। ৩৫৪। ৩০২। ৩৭৬ ধারার অপরাধ ক্রমে ধ্বত হইয়া ইত্যতো ফোজদারি আদালতে চালান হই-য়াছে ১নং প্রধান আসামী ও ১১ হইতে ১৮ নং আসা-মীগণ বাড়ী ঘর ছাড়িয়া পলায়ন করায় অনেক তালাদে এ যাবত তাহাদিগকে প্রাপ্ত না হইয়া স্থানে স্থানে সন্ধানী লোক প্রেরণ করত ধ্রত করার পক্ষে যথোচিত চেন্টা থাকিয়া (এ) ফারাম সহ আবশ্যকীয় সাক্ষীগণকে ভূজুরে পাঠানো হইল। আর সিরাজ আলী মজকুব অপ-রাধী দ্বারায় বাদীর জ্রীর মৃত দেহ বাগানে ফেলিয়া রাখা অর্থাৎ দণ্ড বিধি আইনের ২০২ ধারার অপরাধ

়করা প্রকাশ ও সে জন্য জামানত থাকাতে তাহার এপ্রারি ওয়ারেণ্ট প্রচার হওয়ার জন্য কোর্ট ইনিষ্পে-ক্টর মহাশয় দ্বারা প্রার্থনা করিয়া বিদিতার্থ নিবেদিলেক হুজুর মালিক নিবেদন ইতি। সন তারিথ মাস।

মাজি। ডাক্তার সাহেবের সার্টি ফিকেট কোথায়? কোর্ট ইঃ। নথিতেই আছে।

মাজি। (নথি উল্টাইয়া দেখন, কিছু কাল পরে রায় লিখিতে আরম্ভ এবং কোর্ট ইনিষ্পেক্টর দ্বারা পাঠ)

কোর্ট ইঃ। তুরুম হইল যে গরহাজিরা আসামীগণের নামে ওয়ারিন করিয়া গ্রেপ্তার হয় আর হাজিরা চালানী আসামীগণকে দায়রা সোপর্দ্দ করা গেল। সন তা-রিখ মাস।

(পটক্ষেপণ)



# তৃতীয় অঙ্ক।

তৃতীয় গৰ্ভাঙ্ক।

\_\_\_\_\_

# বিলাসপুর জিলার সেসন আদালত।

[ দাররার বিচার। ]

(জন্ম উকীল বারিটার—আসামী সাক্ষী পেস্কার আরদালী জারীগণ ও দর্শকগণ)

পেস্কা। (জজের নিকটে গিয়া) হুজুর জুরির সংখ্যা পূর্ণ হয় নাই, এক জন গরহাজির।

জজ। দেখে খান্তে পার।

পেস্কা। (দর্শকগণ মধ্যে এক জনকে সঙ্কেতে ডাকন) আপনি এদিকে আস্থন।

मर्ग । ( निकटि गरिय़ा ) वलून ।

পেস্কা। আপনি জুরি হ'তে পারেন ?

জজ। আপনি কে আছে?

দর্শ। খোদাবন্দ — আমি — আমি (যোড়হাত)
না না খোদাবন্দ কিছু কন্ত্র নাই আমি জলপান খার্চিছ
(বস্ত্র হইতে চিড়ে মুড়ুকি পতন)

জজ। নেই টোমার জুরি হ'তে হবে।

দর্শক। দোহাই ধর্মাবতার আমার কোন কস্থর
নাই আমি কিছু ঘা'ট করে নাই, আমি কোফী কিন্তে
যাচ্ছি। পথে শুন্লেম যে আরুমোলার বেরিরর খুনি
বিচার হ'চ্ছে। হুজুর! আমি তাই দেখতে এয়েছি।
ধর্মবতার! ভয়ে আমার গলা শুকিয়ে যাচ্ছে, আমি
আর কিছু জানিনে হুজুর! দোহাই ধর্ম ——

জজ। নেই নেই হাম টোমাকো জুরি করেগা। টোমারা ক্যা নাম? (গাত্তোত্থান পূর্বক শিশ দিরা দুড়ি এবং ভঙ্গি করিয়া মৃত্য)

দর্শ। (সক্রন্দনে) হুজুর দেশের মালিক, যা মনে করেন, তাই ক'র্ত্তে পারেন, কিন্তু আমি কিছুই জানি না।

জজ। (ব্যঙ্গ ভঙ্গিতে) তোমরা নাম ক্যা হায়?

দর্শ। (সরোদনে করযোড়ে) আর্জান বেপারি হজুর! খোদাবন্দ —

জজ। টোম্ ঐ চেয়ার মে বয়ঠো।

আর। (বেগে পলায়নোদ্যত)

জন্ধ। পাকোড় পাকোড়। (আরদালী কর্ত্তৃক ধৃত হইয়া চেয়ারে বদান)

আর। (চেয়ারের এক পার্শ্বে উপবেশন করিয়া) হুজুর! আমি কিছু জানি না, সকলকে জিজ্ঞাসা করুন আমি কিছু জানি না। জ্জ। চুপরাও। আর। এই বারই গেলুম। (নিস্তব্ধ) (বিচার আরম্ভ।)

পেস্কা। (জজ সাহেবের নিকট করফোড়ে) তুজুর ছাপাই সাক্ষী আরো তুজন আছে।

জজ। লে আও?

পেক্ষা। ( আরদালীর প্রতি )জিতু মোল্লা সাক্ষীকে ভাক।

(আদালভের বিতীমতে আরদালীর দ্বারা তিনবার ফোকরানো।)

(ঢিলে পা জামা, শাদা চাপকান পরা, মাথার পাকড়ি, তম্বি গলায়, হাতে যটি, রূদ্ধ জিতুমোলার প্রবেশ এবং হলফ পাঠ।)

জিতু। আমার নাম জিতু মোলা, বাপের নাম কেতু মোলা, বয়েস ৬০। ৭০ বংসর, মোলাকি ব্যবসা। জজ। মোলাকি কি?

জিতু। কোরাণ প'ড়ে আমার মুরিদকে শোনাই, ছটো আহেরর কথা কৈ যাতে দিন ছনিয়ার ভালই হবে! বিয়ে সাদীর কলমা পড়াই, মানিক পিরের সিন্ধি কয়তা দেই, আর মুরগী জবাই করি। তৃত্বুর! এই সকল কাজ আমার —

বারি। (গাত্রোত্থান করিয়া) টুমি এ মকর্দ্দমার কি জানে?

জিতু। হুজ্র আমি আরু মোলার কুটুম। যে দিন এই মাম্লার বাত কতেছে, আমি সে দিন আরুমোলার খানকা ঘরে ব'সে সারারাত আলা আলা করে জেহীর করেছি; নামাজ পড়েছি। আমি রাত্রে ঘুম পাড়ি না।

জজ। টুমি যুম পড়োনা তবে কি কর ?

জিতু। সারা রাত জেগে আলার কাছে রোন। পিট্না করি।

বারি। নেই। ওবাত নেই, টুম কুচ্ গোলমাল শোনা হ্যায় ?

পেস্থা। হাকিম জিজ্ঞাসা কর্চ্ছেন সে রাত্রে তুমি কোন গোলমাল শুনেছিলে ?

জিতু। সেরাতে কোন গোল হয় নাই। এ সকল কেবল মিছে ক'রে আরু মোলা এদের বাদিয়েছে।

বারি। টুম মকামে গেয়া?

জিতু। জোনাব! গেছ্লাম। আমি চার বার অজ করেছি।

• বারি। মোল্লার জরু কি রকমে মরেছে টুমি তার, ুকিছু জানে ?

জিতৃ। জান্বোনা ক্যা? আরুই মার তে মার তে এহেবারে খুন করেছে। বারি। আরু কেঁও মারা?
জিতু। ও নাহি কার সঙ্গে কথা কৈল।
বারি। হারওয়ান আলী কেমন লোক আছে—
জিতু। (তসবি কপাল চুল্কাইয়া মাথা নাড়িয়া)
আহা অমন লোক ত্রনিয়া জাহানে আর নাই! বড়
দিনদার, বড় দাতা; মকায় যাইবার সময় আমায়

বারি। হায়ওয়ান আলী নুরন্নেহারকে মারিয়াছে ? জিতু। ( ছুই গালে হাত দিয়া ) তোবা ভোবা তোবা! সে কি এমন কাজ ক'র্ত্তে পারে তা কহনো হবার নয়।

বারি। আচ্ছা তুমি যাও।

[ কলম ছুঁইয়া জিতুর প্রস্থান।
( নামাবলি গায়, কৌপিন এবং বহিব'নে পরিধান,
দর্বাঙ্গে তিলক ছাপা,হস্তে গলে তুলদীর মালা,
কণ্ঠে কুঁড়জালী, কক্ষে ঝুলি, হরিনাম জপ
করিতে করিতে দ্বিতীয় দাক্ষী হরিদাদের প্রবেশ এবং পূর্বামত
হলফ পাঠ)

হরি। আমার নাম হরিদাস, পিতার নাম ঠাকুরদাস; বয়স ৪০।৫০ বংসর। আমি বৈরাগী, ভিকা করি। বারি। আবুমোলার ত্রীকে কে খুন ক'রেছে টুমি কিছু জানে?

হরি। (মালা টিপিতে টিপিতে) রাধেরুক্ষ! আমি কিছুই জানি না।

বারি। কিছু শুনিয়াছে?

হরি। শুনেছি হুজুর।

বারি। ক্যা শোনা হ্যায়।

হরি। হরিবোল ! হরিবোল ! শুনেছি আরুমোলাই মেরে কেলেছে। উঃ কি পাপিষ্ঠ !! হরিবোল হরিবোল !

বারি। আবু মোলা কেমন লোক?

হরি। হছুর সে বড় ফরাববাজ, এক দিন আনি—
জজ। তুমি কি? ফেরেব করিয়াছে (উচ্চ হাস্প্র
করিয়া পূর্ববং তুড়িও শীশ দিয়া নৃত্য এবং ইংরাজি
গান করিয়া দর্শকগণের প্রতি দৃষ্টিকরত হাস্প্রপ্রক
উপবেশন) তুমি—এক দিন তুমি কি?

হরি। হছুর! এক দিন আমি ভিকা ক'র্ত্তে ওদের বাড়ীতে গেছিলুম। কাকি দিয়ে আমার ঝোলা দেখি ব'লে কেড়ে নিয়ে চালগুলো ঢেলে নিলে; শেষে ঝোলাটা পারে প'ড়ে চেয়ে নিলুম। ও বেটা বড় কেরেববাজ্য ওর জ্যালায় গাঁয়ের লোক জ্বলে ম'ল। রাধেক্ষণ! রাধেক্ষণ!

বারি। মোলার জ্রীর চরিটু কেমন ছিলে?

হরি। ( ছুইকানে ছাত দিয়া ) রাধেগোবিনদ!

আমার মুখ দিয়ে সে কথা বেরোবেনা— ( দীর্ঘ নিখাস ) মেরে কেলেছে কি জন্য — দীনবন্ধ !

বারি। এই আসামীরা কেমন লোক?

হরি। বড় ভাল মানুষ। আর সেই জমীদার বড় লোক, বড় ধার্ম্মিক, গরিব লোকের প্রতি তাঁর ভারি দয়া! আমার বৈষ্ণবী যখন খাঁ সাহেবের বাড়ীতে যান তিনি কাপড টাকা পয়সা চা'ল দয়া ক'রে দিয়ে থাকেন।

বা, উ। তোমার বৈষ্ণবীর নাম কি?

হরি। রুফনণী।

বা, উ। হুজুর সেই রুফ্ণমণী —

জজ। হাঁ হাঁ। আমি জানে।

(ডাক্তার কনিংহাম সাহেবের প্রবেশ)

জজ ! How are you ?

ডাক্ত I Thanks! Quite well.

জজ। Please take your scat. How is MRS. CUNINGHAM? I have not seen her for a long time. (মৃহুসারে) More than six months.

ডাক ৷ Thanks! she is in delicate state and this is the seventh month.

জজ। Oh! ( ঈষৎ হাস্য করিতে করিতে অধোবদনে লিখনীতে দস্তাঘাত ) Do you like to go soon ?

ডাক / Yes; she is alone.

জন ( আসামীর বারিকারের প্রতি ) Dr. CUNING-HAM is in hurry and I think it is better to take his deposition first.

ৰারি I Yes; I have no objection.

বা, উ। (দণ্ডায়মান পূর্বক) হুজুর ! হরিদাস সা-ন্দীর প্রতি আমার সওয়াল আছে ?

জজ। Wait, wait. ( ঈষৎ ক্রেন্থ ) Baboo can't you wait ( মৃত্তুস্তার ) natives? Let me take Dr. Cuningham's depositions first.

( বাদীর উকীল নিঃশব্দে চেয়ারে উপবেশন ) ( ডাক্তার সাহেবের হস্তে জজের বাইবল দান )

ডাভা। (বাইবেল চুম্বনপূর্বেক) My name is F. B. CUNINGHAM; aged 72 years. I am the G. Surgeon of Bensaff District. I made the port-mortem examination of the body of Nooren-nehar, a healthy good ooking woman, aged about twenty years, sent by the Officer in charge of Dhurmoshala police Station. No marks of external violence except on the genetal, profuse discharge of blood from the said part; the lungs highly conjected on digesting away the skin of the throat extravasation of blood observed, all other organs found healthy. (ব্ৰহ্মানে) In my opinion she must have died of sanguineous apoplexy of the brain.

জজ ৷ ( মৃহুস্বরে ) Must be brain disease ; ) (বাদীর উকীলের প্রতি) টোমার কুছ সওয়াল আছে ?—

বা, উ। ডাক্তার সাহেব জ্বানবন্দী দিলেন ইহাতে স্পষ্ট প্রকাশ হ'চ্ছে যে জ্রীলোকটীর অংধাদেশ হইতে রক্ত নির্গত এবং গলার চর্ম্মের নীচে রক্ত জ্মা হইয়াছিল, ঐ সকল কারণে কি "ত্রেণ ডিজিজে" মৃত্যু হইবার সম্ভাবনা।

জজ। হাঁ।কেন না হোবে ? ডাক্তার সাহেব কহি-তেছেন; হোবে হোবে।

বা, উ। হুজুর একবার ডাব্রার সাহেবকে ঐ সও-য়ালটা জিজ্ঞাসা করা উচিত।

জজ। (বিরক্তি সহকারে মৃত্তব্রে) ছুট্। (ভাজার সাহেবের প্রতি) Is it possible that profuse discharge of the blood from the vægina and extravasation of blood beneath the skin of the throat, produced sanguineous apoplexy of the brain?

ডাক্ত । (উচ্ছাস্য পূৰ্বক) হা হা হা ! If fever can produce enlargement of the spleen, then why not the sof of blood will produce sanguincons apoplexy of the brain ?

জজ। আর কিছু সওয়াল আছে? বা, উ। হুজুর আমরা মেডিকেল সায়েন্স ভাল বুঝিনা। আর কোন সওয়াল নাই? (উপবেশন) জজ। (বারিষ্টরের প্রতি) Have you anything to ask Dr. CUNINGHAM?

বারি। ( সাশ্চর্য্যে) To whom ? To Dr. Cuningham?

জজ। Yes.

বারি। Certainly not; he is perfectly right.

জাজা ( ডাজারের প্রতি ) Then you can go; give my compliments to Mrs. CUNINGHAM.

ডাক্ত। Thanks!

্থিস্থান।

বারি। ( হরিদাদের প্রতি ) তুমি কোন্কোন্ তীর্থ দেখেছ ?

হরি। গ্রা, কাশী, পেঁড়ো আর কত তার নামও জাতিনে।

জিজ। (ইয়ৎ হাস্য পূর্ব্বক) টুমি লিখাপড়া জানে ? হরি। নাম সই ক'র্ত্তে পারি।

জজ। আছোদস্থত কর।

[ নাম সই করিয়া হরির প্রস্থান।

জজ। (বাদীর উকীলের প্রতি ) বাবু আপনি এইক্ণণে বক্তৃতা কৰুন।

[পাঁচ মিনিট কাল উকীলের বাঞ্চালা বক্তৃতা] [পোনের মিনিট কাল বারিষ্টারের ইংরাজি বক্তৃতা] আরু। দোহাই ধর্ম অবতার— আমার প্রতি বড় অতার হয়েছে— বড় দৌরান্ম্য হয়েছে।

বারি। টুম চোপরাও।

আরু। আমার বাড়ী ঘর সব গিয়েছে, জাত্ত গেছে হুজুর; আমার কিছুই নাই; ( ক্রন্দন ) আমার সর্বনাশ হয়েছে।

জজ। চুপ্রাও!

আরু। দোহাই ধর্ম অবতার! আমার প্রতি বড় অন্যায় হয়েছে—আমি নিতান্ত গরিব।

জজ। চুপুরাও! (কিঞ্ছিৎপরে জুরিদিগের প্রতি) Is this case guilty or not?

জুরি ! ( যথাস্থানে এক ঐক্য হইয়া ) Not guilty.

বারি। (হো হো শব্দে হাদ্য পূর্ব্বক পুস্তকাদি টেবিল হইতে হস্তে করণ এবং জজের একটু খোদামদ)

জজ। (রায় লিখিতে আরম্ভ ও ক্ষণকাল পরে দণ্ডায়মান হইয়া) ডিস্মিস্— আসামীগণ খালাস (হাতে তুড়ী দিয়া নৃত্য)

বারি। ( হাস্য করিয়া )সেক্ছেও।

পট ক্ষেপ্ণ।

## (নটীর প্রবেশ)

নটী। (স্বগত) হায় হায় একি হলো? হা ভগবন্ ভূমি কোথায়? হায় হায় এ জগতে অর্থই সকল দোবের মূল!

> হায়রে পাতকি অর্থ তোর লাগি ভবে-স্থপু তোর লাগি ঘটে যত অত্যাহিত! অবলা অমূল্য রত্ন সভীত্ব রতন, হরিল গুর্মতি পাপ পাষও বর্ষর क्योमात ! धर्मामत्म इत्नामा विहात! কারে কই মনোত্রংখ কারে বা জানাই এ বারতা? শোক সিন্ধু উথলিছে মনে— কারে বা জানাই ? কেন কেন এ জিজ্ঞাসা গ হুজন জিজ্ঞাসা-পাত্র সশ্মুখে আমার-জানাইব তাঁরে যিনি সর্বা নেত্রবান, मर्त्तमनी गटश्वत, जगज-कातन, সর্কময় সর্কশ্রেষ্ঠ সর্কশান্তা বিভ তৈলোক্য-ঈশ্বর যিনি, প্রম ঈশ্বর-অনুগত ধর্ম যাঁর সদা আজ্ঞাবছ, তাঁরে বিজ্ঞাপিব শোক মনে যত আছে— এই ভাবে জিজ্ঞাসিব কহ কহ দেব, হবে না কি দরিদ্রের এ তুঃখ মোচন ? রবেনা কি অবলার সতীত্ব রতন ?

আরো বিজ্ঞাপিব শোক কান্দি তাঁর কাছে, ঈশ্বর-প্রসাদে যিনি ভারত-ঈশ্বরী, যাটিব কেবল ভিক্ষা ডাকি বার বার, কর মা কর মা দীনে কর মা নিস্তার।

## मङ्गी छ।

রাগিণী ললিত—ভাল আড়াঠেকা।

কাতরে ভাকিমা তোরে শুনমা ভারতেরশ্বরি !

অবিহিত অবিচারে আর বাঁচিনে মরি মরি॥
থাক মা সাগর পারে, কভুনা হেরি তোমারে,
রক্ষ মা প্রজা কিঙ্করে, বিনয়ে মিনতি করি।

অবলা সরলা সতী, তাহে ছিল গর্ভবতী, সে সতীর এ ছুর্গতি, উহু মরি মরি ! সবল ছুর্বল পরে, ছেন অত্যাচার করে ?

রক্ষ মাদীন প্রজারে, মা তোমার চরণে ধরি ॥

দরা মমতা পালিনী, প্রজার হুংখ বিমোচিনী,
দীন হুংখ-নাশিনী, মা ভূমি শুভঙ্করী,—
জননী বলিয়ে ডাকি, শুন সিন্ধু পারে থাকি,
করুণা কটাক্ষ রাখি, তার মা ভারতেশ্বরী।

## (नर्षेत्र व्यद्यभ)

নট। প্রিয়ে! আর হুংথক'ল্লে কি হবে? আমাদের কথা কে শুনে? আর কেইবা আমাদের হুংথে হুংথিত হয়? শ্রে ! চ'কের উপর এমন অন্যায় হলো ? হায় ! হায় !

দিল্ল প্রপরে ডাকাতি হলো ! দানহীন প্রজার ধন মান
প্রাণ পর্যান্ত গেল, তার প্রতিশোধ কিছুই হলো না !

ক্লাকাল চিন্তা ) যাক্ আমাদের আর দে কথায় কাষ

মাই ৷ আমাদের কথায় কেবা কান দেয় ?

নটী। বলেন কি ? আমাদের এ কান্না কি কেউ শুন্বে

। গরিবের প্রতি কি কেউ নজর কর্বেন না ?

(দীনবেশে ক্রন্দ্ন করিতে করিতে আবুমোল্লার প্রবেশ।)

নট। আবার কি হয়েছে? উঃ! কি ভয়ানক!
আবু। আমার সর্ধনাশ তো হয়েইছে — হায়ওয়ান
আলী মোকদ্দমা জিতে আমার বাড়ী ঘর ভেক্ষে চুরে
খানে ওয়ারাণ ক'রে ফেলেছে। আমার আর দাঁড়াবার
লক্ষ নাই। (ক্রন্দন) হায় হায়! আমার ধন মান
প্রাণ সকলি গেল, বিষয় সম্পত্তি যা কিছু ছিল সকলি
নুটে নিয়েছে। আমায় গ্রাম থেকে তাড়িয়ে দিয়েছে —
আমার অন্ন বস্ত্র কিছুই নাই! (ক্রন্দন)

नरे। कि निर्फात्र !! कि निष्ठेत !!!

নট নটী। (উভয়ের ছংখিত স্বরে সঙ্গীত)
রাগিণী ললিত—তাল আডাঠেকা।

কবে পোহাইবে ভবে এই ছু:খ বিভাবরী।
উপায় না হয় ভেবে নিয়ত চাবনা করি॥
কবে দেব দিবাকর, বিকাশিয়ে স্থকর,
নাশিবেন তম ঘোর, ঘোর অন্ধকার হরি?
ওহে বিপদ বারণ, কর বিপদে তারণ,
তম কর নিবারণ নিবেদন করি;—
তুমি দেব সর্কময়, কাতরে করণাময়,
নাশ কর দীন ভয়, ঞ্জিপদ কমলে ধরি॥

যব্নিকা প্তন।

